কুকিছড়া যৌথ বন ব্যবস্থাপনা কমিটি

হাইলাকান্দি বন বিভাগ,
দক্ষিণ অসম সার্কেল

ক্ষুদ্র পরিকল্পনা

(২০১৬-১৭ থেকে ২০২৬-২৭ পর্যন্ত)

প্রস্তুতকর্তা

কুকিছড়া যৌথ বন ব্যবস্থাপনা কমিটি (JFMC)

সহায়ক

অসম বন বিভাগ

এবং

ক্ষুদ্র পরিকল্পনা এবং জীবিকার সুযোগ বৃদ্ধির জন্য গঠিত মহাজোট (কম্পেলো, COMPELO)

[আই আই ই (IIE), আর জি ভি এন ই(RGVN) এবং সি এম এল (CML)]

Approved

DIVISIONAL FOREST OFFICER
Hailakandi Division
Hailakandi

জুলাই, ২০১৬

সংক্ষিপ্ত নাম তালিকা

সংক্ষিপ্ত নাম	সম্পূর্ণ নাম
এ সি এফ (ACF)	সহকারী বন সংরক্ষক (অ্যাসিস্ট্যান্ট কনজারভেটর অব্ ফরেস্ট)
এ এফ ডি (AFD)	এজেন্স ফ্রান্স ডেভেলপমেন্ট
এ পি এফ বি সি (APFBC)	বন ও জৈব বৈচিত্র্য সংরক্ষণ বিষয়ক অসম প্রকল্প (আসাম প্রজেক্ট অন ফরেস্ট অ্যান্ড বায়োডাইভার্সিটি কনজারভেশন)
এ পি এল (APL)	দারিদ্র্য সীমারেখার ঊর্ধ্বে (এব'ভ পভার্টি লাইন)
বি পি এল (BPL)	দারিদ্র্য সীমারেখার নিচে (বিলো পভার্টি লাইন)
সি সি এফ (CCF)	মুখ্য বন সংরক্ষক (চিফ কনজারভেটর অব্ ফরেস্ট)
সি এফ (CF)	বন সংরক্ষক (কনজারভেটর অব্ ফরেস্ট)
সি এম এল (CML)	সেন্টার ফর মাইক্রো ফিন্যান্স অ্যান্ড লাইভলিহুড
কম্পেলো (COMPELO)	ক্ষুদ্র পরিকল্পনা এবং জীবিকার সুযোগ বৃদ্ধির জন্য গঠিত মহাজোট (কনসাল্টিং সার্ভিস ফর মাইক্রোপ্ল্যানিং এনহ্যানসিং লাইভলিহুড অপর্চুনিটিজ)
ডি সি এফ (DCF)	উপ-বন সংরক্ষক (ডেপুটি কনজারভেটর অব্ ফরেস্ট)
ডি এফ ও (DFO)	মাণ্ডলিক বন অধিকারিক (ডিভিশনাল ফরেস্ট অফিসার)
ই ডি সি (EDC)	পরিবেশ-উন্নয়ন কমিটি (ইকো-ডেভেলপমেন্ট কমিটি)
ই পি এ (EPA)	প্রারম্ভিক কর্মসূচি (এন্ট্রি পয়েন্ট অ্যাক্টিভিটি)
এফ সি এ (FCA)	বন সংরক্ষণ আইন, ১৯৮১ (ফরেস্ট কনজারভেশন অ্যাক্ট, ১৯৮১)
এফ ডি (FD)	বন বিভাগ (ফরেস্ট ডিপার্টমেন্ট)
এফ আর এ (FRA)	বন অধিকার আইন (ফরেস্ট রাইট্স অ্যাক্ট)
এফ ভি (FV)	বনাঞ্চল গ্রাম (ফরেস্ট ভিলেজ)
এফ ওয়াই পি (FYP)	পঞ্চ বার্ষিক পরিকল্পনা (ফাইভ ইয়ার্স প্ল্যান)
জি এইচ জি (GHG)	গ্রিন হাউস গ্যাস
জি ও আই (GoI)	ভারত সরকার (গভর্নমেন্ট অব্ ইন্ডিয়া)
জি পি (GP)	গ্রাম পঞ্চায়েত
এইচ এ (Ha)	হেক্টার
আই ই সি (IEC)	তথ্য শিক্ষা ও যোগাযোগ (ইনফরমেশন এডুকেশন অ্যান্ড কমিউনিকেশন)

আই আই ই (IIE)	ভারতীয় এন্টারপ্রেনিউরশিপ প্রতিষ্ঠান (ইন্ডিয়ান ইনস্টিটিউট অব্ এন্টারপ্রেনিউরশিপ)
জে এফ এম সি (JFMC)	যৌথ বন পরিচালন কমিটি (জয়েন্ট ফরেস্ট ম্যানেজমেন্ট কমিটি)
এম ডি আর (MDR)	প্রধান প্রধান জেলাপথসমূহ (মেজর ডিস্ট্রিক্ট রোডস)
এম জি এন আর ই জি এস (MGNREGS)	মহাত্মা গান্ধী রাষ্ট্রীয় গ্রামীণ নিয়োগ নিশ্চয়তা স্কিম (মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিম)
এম ও ই এফ সি সি (MoEFCC)	পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক (মিনিস্ট্রি অব্ এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ)
এন টি এফ পি (NTFP)	কাঠ ভিন্ন বনজ উৎপাদন (নন টিম্বার ফরেস্ট প্রডিউস)
ও বি চি (OBC)	অন্যান্য অনগ্রসর শ্রেণী (আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস)
ও ডি আর (ODR)	অন্যান্য জেলা পথসমূহ (আদার ডিস্ট্রিক্ট রোড্স)
পি সি সি এফ (PCCF)	প্রধান মুখ্য বন সংরক্ষক (প্রিন্সিপাল চিফ কনজারভেটর অব্ ফরেস্ট)
পি এইচ সি (PHC)	প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র (প্রাইমারি হেল্থ সেন্টার)
পি এম ইউ (PMU)	প্রকল্প পর্যবেক্ষণ ইউনিট (প্রজেক্ট মনিটরিং ইউনিট)
পি আর এ (PRA)	অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ন (পার্টিসিপেটারি রুরাল অ্যাপ্রাইজাল)
আর ই ডি ডি + (REDD+)	রিডিউসিং এমিশন ফ্রম ডি-ফরেস্টেশন অ্যান্ড ফরেস্ট ডিগ্রেডেশন প্লাস
আর জি ভি এন (RGVN)	রাষ্ট্রীয় গ্রামীণ বিকাশ নিধি
আর ও (RO)	রেঞ্জ অধিকারিক (রেঞ্জ অফিসার)
এস সি (SC)	তফশিলি জাতি (শিডিউল কাস্ট)
এস ডি জি (SDG)	স্থিতিশীল উন্নয়ন লক্ষ্য (সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল্স)
এস এল এফ (SLF)	নির্বাহক্ষম জীবিকা রূপরেখা (সাসটেইনেবল লাইভলিহুড ফ্রেমওয়ার্ক)
এস পি পি (Spp)	স্পেসিস
এস টি (ST)	তফশিলি উপজাতি (শিডিউল ট্রাইব)
এস ডব্লিউ ও টি (SWOT)	সক্ষমতা, দুর্বলতা, সুবিধা এবং বিপদ (স্ট্রেংথ্, উইকনেস, অপর্চুনিটি অ্যান্ড থ্রেট)
টি ভি (TV)	টাউন্স্যা গ্রাম (টাউন্স্যা ভিলেজ)
টি ভি (TV)	টেলিভিশন
ডব্লিউ এল এস (WLS)	বন্যপ্রাণী নিবাস (ওয়াইল্ড লাইফ স্যাংচুয়ারি)
ডব্লিউ পি এ (WPA)	বন্যপ্রাণী (সংরক্ষণ) আইন, ১৯৭২ (ওয়াইল্ডলাইফ (প্রটেকশন) অ্যাক্ট- ১৯৭২)
ডব্লিউ পি সি (WPC)	কর্মসূচি সার্কেল (ওয়ার্কিং প্ল্যান সার্কেল)

গাছপালা, গুল্মজাতীয় উদ্ভিদ, ভেষজ উদ্ভিদ ও অন্যান্য উদ্ভিদের দেশীয় এবং বৈজ্ঞানিক নামের শব্দকোষ

ক্রমিক নং	দেশীয় নাম	বৈজ্ঞানিক নাম
১	বন আম	ম্যাঙ্গিফেরাসিলার্চা
২	বেলফাই জলপাই	এলকোকাপ্রুয়ে গ্লোবিয়াবুণ্ডাম
৩	বান্দার ফেলা	ডাইসোক্সিলাম্বিনেক্টিফেরাম
৪	বান্দার লাঠি সোণাকুরি	লাসিয়া ফিস্টুলা
৫	বন শিমুল	বাম্বোক্সিগনোক
৬	ভাতকুর	ভিটেক্সহেটেরোফিলা
৭	ভোলা	মনস ল্যাক্রিগাটা
৮	ভুবি	বাক্কাউরেওস্যাপিডার
৯	ভুরি	ট্রেউই নিউডিফ্লোরা
১০	বরুণ	ক্র্যাটায়েরারিলিজিওসা
১১	বেলা	স্যাপিয়াম বাক্কাটাম
১২	ভ্রাদ্রুক	ভিটেক্সপিউবসেন্স
১৩	ছাড়িম	আলস্টোনিয়াস্কলারিস
১৪	কালিগোড়া	ব্যাম্বুসাভালগারস
১৫	করাইল	ডেঙ্ড্রোকেলামুস্ট্রিক্টাস
১৬	খাং	ডেঙ্ড্রোকালামুসলোঙ্গিসপ্যাথাস
১৭	আনচু উদ্ভিদ	মোরিন্ডাটিংকটো রায়া
১৮	মান্দার	ক্যালোট্রোপিস জাইগেন্টিয়া
১৯	স্বর্ণলতা	ট্র্যাকচেলো সপারমামফ্র্যাগ্রান্স
২০	আতালারি উদ্ভিদ	পলিগোনুম্বাবার্বাটাম
২১	লজ্জাবতী	মিমোসা পুডিকা
২২	আবু টেঙা	অণ্টিডেমাগিডন্দ্রম
২৩	আমসিরিকা	আকাসিয়া কন্সিনা
২৪	সর্গগন্ধা	রাউউলফিয়া সার্পেন্টাইন
২৫	আলখনি	ক্যাসিয়াটোরা
২৬	নলখাগড়া ইকরা	ফ্রাগমিটেসকার্কা
২৭	চালমুগরা	হাইডনোকার্পাসকুর্জিল
২৮	হরতকি	টার্মিন্যালিয়াচেবুলা
২৯	গামারি	গমেলিনা আররোরিয়া

৩০	কদম	অ্যানথ্রোকফ্যালাস কদম্ব
৩১	জাম	ইঙ্গোনিজাম্বোস
৩২	নাগেশ্বর	মেসুয়াফেরিয়া
৩৩	চাম	আর্টোকর্পাস চাপ্পাসা
৩৪	ঘোড়া নিম	
৩৫	পিং	সাইলোমেট্রা পোলিয়াড্রা
৩৬	মরই	
৩৭	ছাটিম	আলস্টোনিয়াস্কলারিস
৩৮	কাঁশ	সাকচারাম ওসেরাম
৩৯	খাগড়া	সাকচারাম স্পনটানিয়াম
৪০	ইকরা	এরিয়ানথাম র‍্যাভেনিয়াক
৪১	নল	ফ্র্যাগমিটেসকার্কা
৪২	রেমা	থাইসানোলায়েনা ম্যাক্সিমা

কুকিছড়া যৌথ বন ব্যবস্থাপনা কমিটি
হাইলাকান্দি বন বিভাগ, দক্ষিণ অসম সার্কেল

ক্ষুদ্র পরিকল্পনা
(২০১৬-১৭ থেকে ২০২৬-২৭ পর্যন্ত)

বিষয়সূচি

অধ্যায়	শিরোনাম	পৃষ্ঠা নং
	অংশ - I	
১	ভূমিকা	
২	এলাকার সাধারণ বিবরণ	
৩	গ্রামের আর্থ-সামাজিক এবং জে এফ এম সি-র বিবরণ	
৪	জীবিকার সম্পদ সংক্রান্ত বিবরণ এবং প্রতিকূলতার পরিপ্রেক্ষিত	
৫	বর্তমান পরিকল্পনা এবং কর্মসূচিসমূহ	
	অংশ - II	
৬	ক্ষুদ্র পরিকল্পনার উদ্দেশ্যসমূহ, সক্ষমতা, দুর্বলতা, সুযোগ এবং বিপদ এবং ব্যবধান বিশ্লেষণ	
৭	গ্রামোন্নয়ন পরিকল্পনা	
৮	জীবিকা উন্নয়ন পরিকল্পনা	
৯	বন উন্নয়ন পরিকল্পনা	
১০	রণকৌশলগুলির রূপায়ণ, সময়কালীন বিবরণ এবং বাজেট	
	অংশ - III	
	সারণি, মানচিত্র এবং পরিশিষ্ট	

DIVISIONAL FOREST OFFICER
Hailakandi Division
Hailakandi

কুকিছড়া যৌথ বন ব্যবস্থাপনা কমিটি
হাইলাকান্দি বন বিভাগ, দক্ষিণ অসম সার্কেল

ক্ষুদ্র পরিকল্পনা
(২০১৬-১৭ থেকে ২০২৬-২৭ পর্যন্ত)

অংশ - I

১। ভূমিকা

১.১ প্রকল্প সম্পর্কে

বন ও জৈব বৈচিত্র্য সংরক্ষণ বিষয়ক অসম প্রকল্পের (এ পি এফ বি সি)-র উদ্দেশ্য হচ্ছে বহুমুখি সুসংহত পরিকল্পনা এবং নির্দিষ্ট এলাকার বনাঞ্চলের ওপর নির্ভরশীল মানুষকে যুক্ত করে ও বনজ এবং বনজ বহির্ভূত সম্পদের নির্বাহক্ষম ব্যবহারের মাধ্যমে তাদের জীবিকা সুনিশ্চিত ও উন্নত করে অসমে বহুমুখি সুসংহত পরিকল্পনা এবং বন ও জৈব বৈচিত্র্য সংরক্ষণের পদক্ষেপ গ্রহণ করা। প্রকল্পটির উদ্দেশ্য বর্ণনা করা হয়েছে এভাবে ঃ 'নির্দিস্ট জনগোষ্ঠীর সহযোগিতায় তাদের জীবিকা উন্নত করার পাশাপাশি জৈব বৈচিত্র্য সংরক্ষণ এবং এর নির্বাহক্ষম ব্যবহার সুনিশ্চিত করে বনাঞ্চলের পরিবেশতন্ত্রকে পুনরুজ্জীবিত করা।' উপর্য্যুক্ত প্রকল্পটি রূপায়ণ করা হচ্ছে 'এজেন্স ফ্রান্স ডি ডেভেলপমেন্ট (এ এফ ডি) অর্থাৎ ফ্রেঞ্চ ডেভেলপমেন্ট এজেন্সির আর্থিক সহায়তায়। এই প্রকল্পের পরিকল্পনা, রূপায়ণ, পর্যবেক্ষণ সমন্বয় এবং ব্যবস্থাপনাসহ সমস্ত কাজকর্মের দায়িত্বে রয়েছে আসাম প্রজেক্ট অন ফরেস্ট অ্যান্ড বায়োডাইভার্সিটি কনজারভেশন সোসাইটি।

১.২ ক্ষুদ্র পরিকল্পনা ও জীবিকার উন্নয়ন

বিপণন সম্ভাবনা ভিত্তিক মূল্য সংযোজনের মাধ্যমে জীবিকার কাজকর্মে উৎসাহিত করার জন্য বর্তমান প্রকল্পে উদ্যোগমূলক বিকাশ, উৎপাদিত সামগ্রীর প্রক্রিয়াকরণের মাধ্যমে মূল্যসংযোজন এবং বিপণনের ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। জনসংখ্যা বৃদ্ধির ফলে বর্তমান বনজ সম্পদের ওপর চাপ বেড়ে যাবার কারণেই এই পদক্ষেপ গ্রহণ করতে হয়েছে। বিপণনের সম্ভাবনার ওপর ভিত্তি করে বর্তমান বনজ ও জৈব বৈচিত্র্য সামগ্রী ও পরিষেবাগুলিতে মূল্য সংযোজনের উপায় বের করা দরকার হয়ে পড়েছে। তাছাড়াও বনাঞ্চল ভিত্তিক জীবিকার বাইরের অন্য জীবিকার পথ খুঁজে বের করা এবং দক্ষতা বিকাশের মাধ্যমে সংশ্লিষ্ট জনসাধারণের সামর্থ্য গড়ে তোলাও দরকার।

উপর্য্যুক্ত প্রকল্পটির অধীনে ক্ষুদ্র পরিকল্পনা ও জীবিকা উন্নয়ন কর্মসূচি রূপায়ণের জন্য ইন্ডিয়ান ইনস্টিটিউট অব এন্টারপ্রেনিউরশিপ (আই আই ই) গুয়াহাটি, রাষ্ট্রীয় গ্রামীণ বিকাশ নিধি (আর জি ভি এন) এবং সেন্টার ফর মাইক্রোফিন্যান্স অ্যান্ড লাইভলিহুড (সি এম এল)কে নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির নাম ক্ষুদ্র পরিকল্পনা এবং জীবিকার সুযোগ বৃদ্ধির জন্য গঠিত মহাজোট (কনসালটিং সার্ভিস ফর মাইক্রো প্ল্যানিং এনহ্যান্সিং লাইভলিহুড অপর্চুনিটিজ), সংক্ষেপে কম্পেলো।

প্রকল্পটির নীতি-নির্দেশিকা অনুযায়ী গ্রাম ও বন বিভাগের বিভিন্ন কাজকর্ম, বনাঞ্চলের ওপর নির্ভরশীল সম্প্রদায়গুলিকে জীবিকার ক্ষেত্রে সহায়তা করা এবং নির্বাহক্ষম বন ব্যবস্থাপনার জন্য এক প্রসারিত লক্ষ্য ধার্য করা— ইত্যাদিকে এই ক্ষুদ্র পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয়েছে। বন উন্নয়ন এবং জীবিকা উন্নয়ন— উভয় লক্ষ্যকেই এই পরিকল্পনায় সামিল করা হয়েছে।

১.৩ কুকিছড়া জে এফ এম সির জন্য ক্ষুদ্র পরিকল্পনা

অসমের হাইলাকান্দি জেলার অন্তর্গত বরথল জে এফ এম সি-র জন্য প্রণয়ন করা ক্ষুদ্র প্রকল্পের তথ্য নিচে উল্লেখ করা হল। এই জে এফ এম সি হাইলাকান্দি বন বিভাগের দক্ষিণ অসম বন সার্কেলের অন্তর্গত। পরবর্তী অংশে জনগোষ্ঠীর বিশদ পরিচিতি দেওয়া হল।

২। এলাকার সাধারণ বিবরণ

২.১ সাধারণ বিবরণ

হাইলাকান্দি বন বিভাগ দক্ষিণ অসম সার্কেলের অন্তর্গত। এই বন বিভাগের সীমা হাইলাকান্দি জেলার ভেতরেই আবদ্ধ। এই বন বিভাগের মোট ভৌগোলিক আয়তন ১৩২৭ বর্গ কিঃ মিঃ। হাইলাকান্দি জেলায় সড়ক ও রেলওয়ের নেটওয়ার্ক বেশ উন্নত। জেলার প্রবেশ পথেই রয়েছে পাঁচগ্রাম। পাঁচগ্রাম হয়েই দেশের অন্যান্য অংশের সঙ্গে এই জেলার যোগাযোগ। পাঁচগ্রাম হয়েই চলে গেছে ৫৪ নং জাতীয় সড়ক। পাঁচগ্রামের মধ্য দিয়েই বদরপুর জংশন (করিমগঞ্জের অন্তর্গত) এবং শিলচর জংশনের (কাছাড় জেলার অন্তর্গত) সঙ্গে এই জেলার রেল যোগাযোগ সংযুক্ত রয়েছে। রেলপথের একটি শাখা পাঁচগ্রাম থেকে ভৈরবী পর্যন্ত (মিজোরাম আন্তঃরাজ্য সীমান্ত) চলে গেছে। জেলার পশ্চিম সীমান্ত উত্তর থেকে দক্ষিণ পর্যন্ত লুসাই পাহাড় পর্যন্ত বিস্তৃত।গুটগুটি জলধারা থেকে ছাতাচূড়া পর্যন্ত বিস্তৃত রয়েছে পাহাড়ের ঢাল। এই পাহাড় শ্রেণীর উচ্চতা ৬০০ মিটার। ছাতাচূড়া থেকে পাহাড়ের ঢাল উত্তর দিকে নিম্ন এলাকায় এসে মিশেছে এবং শেষ হয়েছে বদরপুরের নিকটবর্তী এলাকায়। পূর্ব দিকে লুসাই পাহাড় হাইলাকান্দি কাছাড় ও মিজোরাম সীমান্তে এসে মিশেছে। সেখান থেকে অনুচ্চ টিলা নিচে ১০০ মিটার এলাকা পর্যন্ত ছড়ানো রয়েছে এবং এসব টিলার বেশির ভাগই চা বাগান এলাকার মধ্যে পড়েছে। লুসাই পাহাড় থেকে নেমে এসেছে ধলেশ্বরী নদী। ঝালনাছড়া, পালাইছড়া, কুকিছড়া, রূপাছড়ার মতো কিছু বড় বড় জলধারাও উত্তর মুখে প্রবাহিত এই নদীতে এসে মিশেছে। পরে রূপাছড়ার কাছে মানুষের দ্বারা কাটা কাটাখাল নামক খালের দ্বারা বিভাজিত হয়েছে।

জেলার সমতল এলাকায় অনেকগুলি মৃত নদী ও জলধারা রয়েছে। এসবের অধিকাংশই বর্ষায় জলপূর্ণ হয়ে মূল নদীর সঙ্গে যুক্ত হয়ে যায়। এসব ছাড়াও এই জেলায় রয়েছে অনেক বিল ও বড় বড় জলাশয়। এসবের বেশির ভাগই রয়েছে উত্তর দিকে ২৪°৩০/ অক্ষাংশে। এর সমান্তরাল অর্থাৎ দক্ষিণ দিকে ভৌগোলিক এলাকা ক্রমশ পার্বত্য এলাকায় পরিণত হয়ে ছাতাচূড়ার ঢালে এসে মিশেছে।

২.২ অবস্থিতি

সমগ্র বিভাগটি ৯২°২৫/ পূর্ব দ্রাঘিমাংশ এবং ২৪°৫৩ উত্তর অক্ষাংশে অবস্থিত এবং উচ্চতা ২১ মিটার (৬৮.৮ ফুট)। উত্তর ও পূর্ব সীমান্তে রয়েছে কাছাড় জেলা এবং পশ্চিমে করিমগঞ্জ জেলা। দক্ষিণে রয়েছে মিজোরামের সঙ্গে আন্তঃরাজ্য সীমান্ত। জেলার সদর হাইলাকান্দি এবং সেখানেই রয়েছে বন বিভাগের কার্যালয়। হাইলাকান্দি ছাড়াও অন্যান্য প্রধান প্রধান শহরগুলি হল, পাঁচগ্রাম, লালাবাজার, কাটলিছড়া, কুকিছড়া ও ঘাড়মুরা বাজার। পাঁচগ্রাম হল শিল্প শহর, যেখানে রয়েছে কাছাড় কাগজ কল (ভারত সরকার কর্তৃক অধিগৃহীত হিন্দুস্তান পেপার কর্পরেশন লিমিটেডের একটি ইউনিট)।

২.৩ মৃত্তিকা

জেলার মধ্যাঞ্চল সমভূমি হলেও পূর্ব ও পশ্চিম প্রান্তে ইতস্ততভাবে বহু অনুচ্চ টিলা ছড়িয়ে রয়েছে এবং দক্ষিণ সীমান্তে রয়েছে উঁচু পাহাড় শ্রেণী। সমগ্র বরাক উপত্যকার পরিপ্রেক্ষিতে হাইলাকান্দি জেলা উত্তর থেকে দক্ষিণ পর্যন্ত জায়গায় জায়গায় টেউয়ের মতো সংকুচিত। এর কারণ হল সুরমা উপত্যকার অংশটি উত্তর দক্ষিণে টেউয়ের মতো আঁকাবাঁকাভাবে সংকুচিত। এর ফলেই এখানে উপত্যকার সমতল ও পাহাড় শ্রেণীর পাশাপাশি অবস্থান দেখা যায়। উপত্যকার সবচেয়ে প্রাচীন শিলাস্তর হচ্ছে বড়াইল পাহাড়ের বেলেপাথর। সুরমা উপত্যকার নিম্নভাগ ঘন সংবদ্ধ পাহাড়। এই পাহাড়গুলি ঘন জঙ্গলে আবৃত এবং চা চাষের অনুপযোগী।

ভূপৃষ্ঠের স্তরগুলি পরপর বেলে পাথর ও নরম স্লেট জাতীয় পাথর দিয়ে গঠিত। সুরমা শ্রেণীর উজান অংশের ভূস্তর নরম বালুমিশ্রিত শ্লেট জাতীয় পাথর এবং মিশ্রিত বেলে পাথর দিয়ে গঠিত। এই ভূস্তরে টিলা শ্রেণীর পাশে পাশে গড়ে উঠেছে জলাভূমি এলাকা। পাহাড় শ্রেণীতে টিপম শ্রেণীর শিলাও দেখা যায়। এই ভূস্তরের শিলা অপেক্ষাকৃত শক্ত। সুরমা পাহাড় শ্রেণীর উপর অংশে অথবা টিপম স্তরের ভূভাগেই অধিকাংশ চা বাগানগুলি রয়েছে। উপত্যকার ভূবিজ্ঞান লক্ষ্য করতে দেখা যায়, ভূমিক্ষয় রোধ করতে হলে এখানে মৃত্তিকা ও জল সংরক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করা খুবই জরুরি। এলাকার শম্বুক গতির ভূতাত্বিক ভূমিক্ষয় প্রক্রিয়াকে মানুষ আরও ত্বরান্বিতই করে তুলেছে। বর্তমান শতাব্দীর গোড়ার দিকে পি ইভানস অঞ্চলটির ভূতাত্ত্বিক বিষয়টি নিয়ে বিশদভাবে অধ্যয়ন করেছেন। তিনি বলেছেন যে এই এলাকাগুলির ভূমিক্ষয় প্রক্রিয়া ভূতাত্ত্বিকভাবে এখনও ক্রিয়াশীল এবং পরিস্থিতি উদ্বেগজনক।

২.৪ জলবায়ু

এই বিভাগের জলবায়ু উপগ্রীষ্মমণ্ডলীয় মৌসুমি নির্ভর। বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ ২৫০০ মিঃ মিঃ থেকে ৩৩০০০ মিঃ মিঃ পর্যন্ত। এলাকার বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ ৩০০০ মিঃ মিঃ এবং এপ্রিল/মে থেকে সেপ্টেম্বর / অক্টোবরের মধ্যেই ৮০-৮৫% বৃষ্টিপাত হয়। ডিসেম্বর ও জানুয়ারি মাস সাধারণত সবচেয়ে শুষ্ক। গ্রীষ্মকালে সর্বাধিক গড় তাপমাত্রা ৩৫° সেলসিয়াস ও সর্বনিম্ন গড় তাপমাত্রা ২৬° সেলসিয়াস। শীতকালে সর্বাধিক গড় তাপমাত্রা ২৫° সেলসিয়াস এবং সর্বনিম্ন গড় তাপমাত্রা ১১ সেলসিয়াস। বর্ষাকালে এই জেলা বন্যায় প্লাবিত হয়।

২.৫ জল

লঙ্গাইয়ের বহু সংখ্যক জলধারা এবং সিংলা উপ জলবিভাজিকাগুলি ছাড়াও বরাকে উত্তরের বহু জলধারাগুলি হল পানীয় জলের উৎস। গ্রামবাসীরা জলধারা, কুয়ো, পাতকুয়ো এবং নলকূপ থেকেই পানীয় জল সংগ্রহ করে। ভূগর্ভের জলস্তর সাধারণত উপরেই এবং সমতল এলাকায় ২-৩ মিটার খনন করলেই জল পাওয়া যায়। শীতকালে ভূগর্ভের জলস্তর ৬-১০ মিটার নিচে নেমে যায়। পাহাড়ের ঢালু এলাকায় বন ধ্বংসের ফলে জলের সঙ্গে প্রচুর পরিমাণ পলিমাটি, বালু ও অন্যান্য পদার্থ নেমে আসে। শীতকালে বেশিরভাগ জলধারাই শুকিয়ে যায়।

২.৬ পরিবেশতন্ত্র ও জৈব বৈচিত্র্য

এই বন বিভাগের প্রধান প্রধান বনজ সম্পদগুলি হল, কাঠ, বাঁশ, বেত, পাথর, বালি। সমৃদ্ধ এই বনাঞ্চলের মূল্যবান গাছগুলি হল, সেগুন, সুন্দি, গামারি ইত্যাদি। এই বন বিভাগ থেকে বিপুল পরিমাণ বাঁশ সংগ্রহ করে পার্শ্ববর্তী জেলার কাগজ কলে সরবরাহ করা হয়। এখানে বনাঞ্চলের স্থানীয় বৈশিষ্ট্যের প্রকারভেদ চোখে পড়ে। বন বিভাগের পাহাড় এলাকার বনাঞ্চলগুলিতে পাওয়া যায় গামারি, চাম, গুর্জন, মরিচাসুন্দি, তিল সুন্দি, হেরুহতিয়া, পোমা, গাড্রুই, কুর্টা, করই ইত্যাদি। নিচুপ্রকার পাহাড়ের বনগুলিতে তুলা, কদম, জাম, আওয়াল, কুর্টা,গেশ্বর, চালতে, বনক, হরিতকি, পিং ইত্যাদি প্রচুর পরিমাণে পাওয়া যায়। এই পরিবেশতান্ত্রিক অঞ্চলের যেখানে পার্বত্য বনভূমি এসে সমতল বনভূমিতে মিশেছে, সেই এলাকায় জলাভূমির বনভূমিও রয়েছে। এই বন ভূমিতে তারা, ইকরা, নল, খাগড়া ইত্যাদির পাশাপাশি রয়েছে জারুল, পারোলি ইত্যাদি প্রজাতির উদ্ভিদও। এই বনাঞ্চলে প্রায় ৯ প্রজাতির বাঁশ আছে। কোনো কোনো এলাকা/পরিত্যক্ত জুম চাষের এলাকায় সম্পূর্ণভাবে বাঁশের ঝোপে পরিণত হয়েছে। এখানে চারটে প্রধান প্রধান প্রজাতির বেত পাওয়া যায়। এগুলি হল, গোল্লা, মোনা, জাল্লিয়াদ ও সুন্দি। বেতের এলাকা অত্যন্ত নগণ্য এবং এগুলি অত্যন্ত দূরবর্তী এলাকায়

থাকায় বাণিজ্যিক উদ্দেশ্যে বেত ব্যবহারের সুবিধা নেই। অতীতে বেত ব্যবস্থাপনার বিষয়ে বিশদভাবে কিছু সুপারিশ করা হলেও বেত সংগ্রহ ও ব্যবসা প্রধানত বেআইনি এবং নিয়ন্ত্রণহীনই রয়ে গেছে। যদি বেত সংরক্ষণের জন্য কোনো ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে এই বনাঞ্চলগুলিতে বেত সম্পূর্ণভাবেই বিলুপ্ত হয়ে যাবে।

উদ্ভিদ বৈচিত্র্যের পাশাপাশি এই বন বিভাগ বহু প্রজাতির বন্য জন্তুরও নিবাস। এসব প্রাণীর মধ্যে আছে ফল বাদুড়, বাঘ, হাতি, সান বিয়ার প্রজাতির ভালুক, জায়ান্ট স্কুইরেল (কাঠ বেড়ালি), হগ ডিয়ার (হরিণ), শেয়াল, বুনো শুয়োর, নদী কচ্ছপ ও অন্যান্য প্রজাতির কচ্ছপ, ভারতীয় প্রজাতির অজগর, ব্যাম্বু ভাইপার (শংখচূড়) সাপ, গোখরা ইত্যাদি। হাইলাকান্দি বন বিভাগের অধীনে রয়েছে ২টি সংরক্ষিত বনাঞ্চল। এগুলি হল, ইনার লাইন সংরক্ষিত বনাঞ্চল, ও কাটাখাল সংরক্ষিত বনাঞ্চল। এই বনাঞ্চলের মোট আয়তন ৭৪১,১৫১ বর্গ কিঃ মিঃ।

সারণি— ১ ঃ হাইলাকান্দি বন বিভাগের অধীনস্থ সংরক্ষিত বনাঞ্চলের তালিকা

বিভাগের নাম	সংরক্ষিত বনাঞ্চলের নাম	মোট নথিভুক্ত এলাকা (হেক্টার)
হাইলাকান্দি	ইনারলাইন	৩৯৮৪৯.৪৫
	কাটাখাল	১৩৯৮৬.২৯
	মোট	৫৩৮৩৫.৭৪

বনাঞ্চলের প্রকার ঃ এই সংরক্ষিত বনাঞ্চলে নিম্নোক্ত দুই ধরনের বনভূমি রয়েছে ঃ

১। কাছাড় গ্রীষ্মমণ্ডলীয় চিরহরিৎ বনাঞ্চল

২। কাছাড় গ্রীষ্মমণ্ডলীয় অর্ধ চিরহরিৎ বনাঞ্চল

বিভাগের উত্তর ও পূর্ব দিকের অংশে রয়েছে কাছাড় গ্রীষ্মমণ্ডলীয় চিরহরিৎ বনাঞ্চল। এখানকার ঢালু এলাকা খাড়া এবং চাষের অনুপযোগী। তাছাড়াও এই এলাকা শিলাময় এবং জলধারার দুই তীর ছায়াঘেরা। এই বনাঞ্চলের বেশিরভাগ এলাকাই গড়ে উঠেছে পাহাড়ের ঢালের নিম্নভাগে। এই বনভূমি দুটি পৃথক বৈশিষ্ট্যপূর্ণ যথাক্রমে ডিপ্টেরোকার্পাস্টার্বিনেটাস ও পালাকুইউস্পেলিয়ানথাম বর্গের উদ্ভিদ প্রজাতিগুলির দ্বারা গঠিত। কিন্তু ব্যাপক জুম চাষের কারণে এই বনাঞ্চল দ্রুত বাঁশ ঝোপ বা ক্ষণস্থায়ী উদ্ভিদের বনভূমিতে পরিণত হচ্ছে এবং এক ক্ষুদ্র এলাকায় সীমাবদ্ধ হয়ে পড়েছে।

২.৭ জৈব বৈচিত্র্য সংরক্ষণের ক্ষেত্রে নেমে আসা বিপদ

* ব্যাপক হারে জ্বালানি কাঠ এবং ছোটখাটো নানা ধরনের বনজ সামগ্রী সংগ্রহের পাশাপাশি বনাঞ্চলে পশুচারণ ও দলনের ফলে বনাঞ্চলের ওপর মানুষের চাপ বর্তমান বেড়ে গেছে। এর ফলে বহু প্রজাতির বসতিস্থানের পরিবর্তন ঘটছে। অকর্তৃত্বশীলভাবে মানুষের দ্বারা দ্রুত হারে বন ধ্বংস ও বসতি স্থাপনের বিষয়টি বন বিভাগ লক্ষ্য করেছে। উচ্চ এলাকাগুলিতে জুম চাষ, সমভূমিতে চাষাবাদ, পানের জুম চাষ এবং বেআইনিভাবে গাছপালা কাটাও বন বিভাগের নজরে এসেছে। এর ফলে বনাঞ্চলে প্রজাতির সংখ্যাগত সমৃদ্ধি, বনভূমির বিন্যাস এবং উৎপাদনশীলতার ক্ষেত্রে ব্যাপক স্থানিক ও সময়কালীন পরিবর্তন ঘটছে।

* অকর্তৃত্বশীলভাবে ভাড়াটে বসানো এবং 'আধিয়ার' ব্যবস্থার বিরুদ্ধে উপযুক্ত নিরাময়মূলক ব্যবস্থা গ্রহণ না করায় সংরক্ষিত বনাঞ্চল ধীরে ধীরে লোকে পরিপূর্ণ হবার প্রক্রিয়া শুরু হয়েছে। লক্ষ্য করার বিষয় হল যে, স্বীকৃত গ্রামবাসীরা নিজেরাই বেদখলের কেন্দ্রে পরিণত হচ্ছে। সময় যত পার হচ্ছে, এই পরিবারগুলির আকারও তত বেড়ে যাচ্ছে। আগে এইসব লোক অতিরিক্ত জমির জন্য অনুমতি নিত এবং বন বিভাগ বিভিন্ন আনুষ্ঠানিকতা সম্পূর্ণ করে যথা সময়ে অতিরিক্ত জমি ব্যবহার করার আবেদন মঞ্জুর করত। বনাঞ্চল (সংরক্ষণ) আইন, ১৯৮০ বলবৎ হবার পর থেকে এই নিয়মটি ব্যাহত হয়। তখন থেকেই গ্রামবাসীরা একের পর এক টিলা দখল করে চলেছে এবং বেশি বেশি করে চাষের জমি বের করে নিচ্ছে।

*** রিয়াং শরণার্থী সমস্যা ঃ** হাইলাকান্দির দক্ষিণে মিজোরাম রাজ্য। এরাজ্যের জনসাধারণ প্রধানত খ্রীস্টান। এক শতাব্দী আগে এই রাজ্যের অধিবাসীদের সংখ্যাগরিষ্ঠ অংশ খ্রীস্টান ধর্মে দীক্ষিত হয়। এই ধর্মান্তরকরণের ফলে এই অঞ্চলে এক নতুন সামাজিক সংঘাত মাথা চাড়া দিয়ে ওঠে। অর্থাৎ বিভিন্ন সামাজিক গোষ্ঠীগুলির মধ্যে, বিশেষ করে খ্রীস্টান উপজাতি ও অখ্রীস্টান হিন্দু উপজাতিগুলির মধ্যে সামাজিক উত্তেজনা দেখা দেয়। অতীতে পি এন ভট্টাচার্য এই পরিকল্পনায় এই বনের সংঘাতের কথা উল্লেখ করেছিলেন। রিয়াং ও মিজো সম্প্রদায় পূর্বেও ছোট ও বড় আকারের সংঘাতে লিপ্ত হয়ে পড়েছিল।

* ১৯৯৭ সালের ডিসেম্বরের সংঘর্ষের পর প্রায় ৬৬টি (প্রত্যক্ষদর্শীদের মতে এই সংখ্যা দুশো) রিয়াং শরণার্থী পরিবার ইনারলাইন সংরক্ষিত বনাঞ্চলের মুকাম ও ভৈরবী ব্লকে এসে আশ্রয় নেয়। এখানে উল্লেখ করা প্রয়োজন যে এই সংরক্ষিত বনাঞ্চলে আগে থেকেই উল্লেখযোগ্য সংখ্যক গৃহহীন লোক আশ্রয় নিয়েছিল। মিজোরাম সীমান্তের ওপার থেকে যদি লাগাতার অনুপ্রবেশ বন্ধ করার জন্য ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে নিকট ভবিষ্যতে সমগ্র মুকাম ও ভৈরবী ব্লক বেদখলকারীদের দখলে চলে যাবে। এই অঞ্চলে বন বিভাগ নিজের উপস্থিতি প্রকাশে ব্যর্থ হয়েছে। যথা সম্ভব তাড়াতাড়ি শরণার্থীদের তাদের আগের জায়গায় ফেরৎ পাঠাতে হবে। (ডঃ ডব্লিউ পি ১৯৯৯-২০১০)। দ্রুতহারে নিশ্চিহ্ন হবার পথে উদ্ভিদ ও বন্যপ্রাণীর বহু প্রজাতি। এগুলিকে রক্ষা করার জন্য যথোপযুক্ত সংরক্ষণ ও ব্যবস্থাপনার রণকৌশল গ্রহণ করা জরুরি। সাম্প্রতিক দিনগুলিতে গ্রীষ্ম মণ্ডলীয় বনাঞ্চলগুলি প্রাকৃতিক এবং মানুষের তরফ থেকে আসা গুরুতর হুমকির সম্মুখীন হয়েছে। এর পরিণামে বেশ কিছু প্রজাতি বিলুপ্ত হবার বিপদ দেখা দিয়েছে। কাজেই বৃক্ষবৈচিত্র্য সংরক্ষণের বিষয়টিকে অগ্রাধিকার দেওয়া অনিবার্য হয়ে পড়েছে।

৩। গ্রামের আর্থসামাজিক এবং জে এফ এম সির পরিচয়

৩.১ মূল তথ্য

কুকিছড়া জে এফ এম সি লালা রাজস্ব সার্কেলের অন্তর্গত। এটি একটি বনাঞ্চল গ্রাম এবং হাইলাকান্দি জেলায় অবস্থিত। ২০০৫ সালের জুলাই মাসে ডিভিশনাল বন আধিকারিক (ডি এফ ও), হাইলাকান্দি তথা মুখ্য কার্যবাহী আধিকারিকের কার্যালয় কর্তৃক এই জে এফ এম সি পঞ্জীভুক্ত করা হয় (সারণি-৩-এ উল্লেখ করা পঞ্জীকরণ শংসাপত্র অনুযায়ী)। ০৬-০৬--০১৫ সালে আবার জে এফ এম সি পঞ্জীকরণ নবীকরণ করা হয়।

সারণি— ক ঃ জে এফ এম সির মূল তথ্য

ক্রমিক নং	বিষয়	মূল তথ্য
১	জে এফ এম সি-র নাম	কুকিছড়া
২	বনাঞ্চল গ্রামের নাম	বাংলা ভাষা বন গ্রাম
৩	গ্রাম পঞ্চায়েতের নাম (ভিসিডিসি)	বরুণছড়া-কুকিছড়া
৪	রাজস্ব সার্কেল	কাটলিছড়া
৫	রাজসব মহকুমার	কাটলিছড়া
৬	জেলার নাম	হাইলাকান্দি
৭	বন বিভাগের	হাইলাকান্দি
৮	ফরেস্ট রেঞ্জের নাম	কুকিছড়া মণিপুর বাজার রেঞ্জ
৯	ফরেস্ট বিটের নাম	কুকিছড়া
১০	গঠনের বছর	২০০৫
১১	পঞ্জীকরণ নম্বর	এস এ সি / এইচ কেডি/২১
১২	জে এফ এম সির সীমার বিবরণ	উত্তর ঃ বরুণছড়া দক্ষিণ ঃ কান্নাবস্তি পশ্চিম ঃ খাটালতলি পূর্ব ঃ মিজোরাম

সূত্র ঃ জে এফ এম সি-র নথি এবং ২০১৬ সালের জুন মাসে অনুষ্ঠিত পি আর এ অনুশীলনের আলোচনা

৩.২ কার্যবাহী কমিটি ও সাধারণ সমিতির সংক্ষিপ্ত বিবরণ

নিম্নোক্ত সারণিতে জে এফ এম সি-র কার্যবাহী কমিটি ও সাধারণ সমিতির সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হল।

সারণি - খ ঃ কার্যবাহী কমিটি ও সাধারণ সমিতির সংক্ষিপ্ত বিবরণ

নাম	বয়স	ঠিকানা	শিক্ষাগত যোগ্যতা	পদ
শ্রী দোয়াজই রিয়াং	৭২	পিতা প্রয়াত কৃষ্ণজয় রিয়াং	তৃতীয় শ্রেণী উত্তীর্ণ	সভাপতি
শ্রী মনোজ কুমার সিনহা	৫০	পিতা প্রয়াত মান্য সিনহা ফোন নম্বর ঃ ৯৪৩৫২০৭৫০৫	হায়ার সেকেন্ডারি	সদস্য সচিব
শ্রী আহান্দ রিয়াং	৫৫	পিতা প্রয়াত প্রিলাম্বরিয়াং	পঞ্চম শ্রেণী	সদস্য
শ্রী ঢোলা রিয়াং	৫৫	পিতা রোসেমারি রিয়াং	শূন্য	সদস্য
শ্রী ফাল্গুনী রিয়াং	২০	পিতা গোপাল রিয়াং	মাধ্যমিক	সদস্য
শ্রীমতি পুখুটে রিয়াং	৪১	স্বামী সিস্টে রাই রিয়াং	শূন্য	সদস্য
শ্রী ফুইল্যাংড়াই রিয়াং	৬৮	প্রযত্নে সুকজয় রিয়াং	শূন্য	সদস্য
শ্রী আঁকাজোয় রিয়াং	৬৫	প্রযত্নে পূর্ণজয় রিয়াং	শূন্য	সদস্য
শ্রী সুন্দরম রিয়াং	৪৫	প্রযত্নে নেড়োজোয় রিয়াং	পঞ্চম শ্রেণী	সদস্য
শ্রী জয়ন্ত রিয়াং	৪৪	প্রযত্নে পুলম্বা রিয়াং	পঞ্চম শ্রেণী	সদস্য
সমিতি দেলোয়ারঙ্গ রিয়াং	১৯	প্রযত্নে দোনহলা রিয়াং	অষ্টম শ্রেণী	সদস্য

সূত্র ঃ জে এফ এম সি রেকর্ড

৩.৩ পরিবার এবং জনসংখ্যার বিন্যাস

গ্রামে ১৬১টি পরিবাব বয়েছে, যার মধ্যে এর মধ্যে ৬৩টি-র সমীক্ষা চানানো হয়েছে। এদের মধ্যে ৮ টি পরিবার বি পি এল (দারিদ্র সীমা রেখার নিচে)।

সারণি — গ ঃ জে এফ এম সি-র জনবিন্যাসের বিবরণ

জন বিন্যাস

জাতি / সম্প্রদায়	পরিবার	পুরুষ	মহিলা	মোট
সাধারণ	০	০	০	০
ও বি সি	০	০	০	০
তফশিলি জাতি (SC)	০	০	০	০
তফশিলি উপজাতি (ST)	৫৯	১৭৪	১৬৬	৩৪০
সংখ্যালঘু	০	০	০	০
অন্যান্য	৪	১৩	১২	২৫
মোট	**৬৩**	**১৮৭**	**১৭৮**	**৩৬৫**

পরিবার মোট জনসংখ্যা ৩৬৫ টি, যার মধ্যে ১৮৭ জন পুরুষ এবং বাকিরা মহিলা সদস্য।

এই তথ্য থেকে দেখা যায় ঃ

(১) পরিবার পিছু গড় সদস্য সংখ্যা ৬

(২) লিঙ্গানুপাত হল, প্রতি ১০০জন পুরুষের বিপরীতে মহিলা ৯৫জন।

সারণি — ঘ ঃ বয়স বিন্যাস

বয়স শ্রেণী	< ৫ বছর	৫-১৮ বছর	১৮-৪৫ বছর	৪৫-৬০ বছর	> ৬০ বছর
পুরুষ	২৮	৫৫	৫৪	২২	১৪
মহিলা	১৬	৬৪	৬৫	১১	৯
মোট	৪৪	১১৯	১১৯	৩৩	২৩

৩.৪ শিক্ষা এবং দক্ষতা উন্নয়ন

সীমাক্ষার তথ্য অনুযায়ী গ্রামের ৬৬ শতাংশেরও বেশি লোক সাক্ষর। সম্প্রদায়ের বেশিরভাগ সদস্য স্কুল পর্যায়ের শিক্ষা লাভ করেছে। অন্য দিকে, অপেক্ষাকৃত কম পরিবারের সদস্য কলেজ শিক্ষা লাভ করেছে।

সারণি - ঙ ঃ শিক্ষাগত যোগ্যতার বিবরণ

বয়স শ্রেণী	প্রাথমিক	মধ্য	উচ্চ	হায়ার সেকেন্ডারি	স্নাতক	স্নাতকোত্তর	নিরক্ষর
< ২৫ বছর পুরুষ	০	২১	৭	০	০	০	৮
< ২৫ বছর মহিলা	৪৬	৮	৪	১	০	০	২৮
> ২৫ বছর পুরুষ	০	১২	১০	১	০	০	৩০
> ২৫ বছর মহিলা	৫	০	৪	০	০	০	৫৭
মোট	৫১	৪১	২৫	২	০	০	১২৩

আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক দুই ধরনেই জীবিকার দক্ষতা আহরণ করা হয়েছে। জে এফ এম সি এলাকায় অনানুষ্ঠানিক দক্ষতার অর্থ হল পরম্পরাগত উপায়সমূহ। নিম্নোক্ত ক্ষেত্রগুলিতে এইসব লোক পরম্পরাগত দক্ষতা আহরণ করেছে ঃ

ক) কৃষি

খ) কাঠের কাজ

রাষ্ট্র ও রাজ্যে আনুষ্ঠানিক দক্ষতা উন্নয়ন কর্মসূচি রূপায়ণে সরকার সক্রিয় রয়েছে।

৩.৫ জমি ব্যবহারের ধরন

জনসংখ্যা মূলত কৃষি ও গবাদি পশুর ওপর নির্ভরশীল ঃ

গ্রামে জমি ব্যবহারের ধরন নিম্নরূপ ঃ

ফসলের জমি ঃ ১৩.৫ হেক্টার

বৃক্ষাচ্ছাদিত জমি ঃ ১৬ হেক্টার

বসতি জমি ঃ ১৩.৫ হেক্টার

জলাশয় ঃ ৪ হেক্টার

অনুর্বর পতিতজমি ঃ ১৩.৩ হেক্টার

অন্যান্য ঃ জনসংখ্যা মূলত কৃষি এবং গবাদিপশুর ওপর নির্ভরশীল।

৩.৬ ভূমি মালিকানার ধরন

ভূমি মালিকানার ধরনের তথ্য নিম্নরূপ ঃ

* ৫৮ জন প্রান্তিক কৃষক (এদের জমি ২ হেক্টারেরও কম)

* ৫ জন ক্ষুদ্র কৃষক (জমির পরিমাণ ২-১০ হেক্টার)

৩.৭ গবাদি পশু

গ্রামবাসীদের দ্বারা পালিত গবাদি পশুর প্রধান ধরন নিম্নরূপ ঃ

গবাদি পশুর বিশদ বিবরণ

গাভী	বলদ	ছাগল	শূকর	ভেড়া	হাঁস
৬০	৮	৫১	৫০	৫	৬



৩.৮ গ্রামের পরিকাঠামো ও যোগাযোগ ব্যবস্থা

যেকোনো জনসমাজেই পর্যাপ্ত মৌলিক পরিকাঠামোই নির্বাহক্ষম জীবিকার উপায়গুলির বিকাশে সাহায্য করে। কিন্তু এই গ্রামে বর্তমান পরিকাঠামোর অবস্থা সন্তোষজনক নয়। গ্রামটির পরিকাঠামোর বর্তমান অবস্থা নিচে তুলে ধরা হল।

সারণি — চ ঃ প্রাতিষ্ঠানিক পরিকাঠামো

ক্রমিক নং	পরিকাঠামো	অবস্থিতি (গ্রামের বাইরে বা ভেতরে)	সংখ্যা (যদি প্রযোজ্য)	যদি বাইরে-গ্রাম থেকে আনুমানিক দূরত্ব (মিঃ/ কিলোমিটার)	ব্যবহারের বর্তমান অবস্থা
১	বাস স্ট্যান্ড	কাটলিছড়া		৩৫ কিঃ মিঃ	-
২	প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র	কাটলিছড়া		৩৫ কিঃ মিঃ	-
৩	প্রাথমিক স্কুল	ভেতরে	৩	০ কিঃ মিঃ	শোচনীয়
৪	মধ্য স্কুল	কাটলিছড়া		৩৫ কিঃ মিঃ	-
৫	হাইস্কুল	কাটলিছড়া		৩৫ কিঃ মিঃ	-
৬	হায়ার সেকেন্ডারি স্কুল	কাটলিছড়া		৩৫ কিঃ মিঃ	-
৭	কলেজ	কাটলিছড়া		৩৫ কিঃ মিঃ	-
৮	পোস্ট অফিস	কুকিছড়া		২০ কিঃ মিঃ	-
৯	ব্যাঙ্ক	মণিপুরী		২২ কিঃ মিঃ	-
১০	টেলিফোন	ভেতরে			শোচনীয় মোবাইল নেটওয়ার্ক
১১	অঙ্গনওয়াড়ি কেন্দ্র	ভেতরে	২		চালু রয়েছে
১২	গ্রাম পঞ্চায়েত অফিস	বাইরে		২০ কিঃ মিঃ	কুকিছড়া
১৩	রাজস্ব সার্কেল অফিস	বাইরে		৩৫ কিঃ মিঃ	কাটলিছড়া
১৪	পুলিশ ফাঁড়ি / থানা	বাইরে		৩৫ কিঃ মিঃ	কাটলিছড়া
১৫	ফরেস্ট বিট অফিস	বাইরে		২২ কিঃ মিঃ	মণিপুর
১৬	ফরেস্ট রেঞ্জ অফিস	বাইরে		২২ কিঃ মিঃ	মণিপুর
১৭	রেল স্টেশন	বাইরে		৩৬ কিঃ মিঃ	কাটলিছড়া
১৮	পানীয় জলের উৎস	ভেতরে			তিনটি কুয়ো, একটি নদী
১৯	কমিউনিটি হল	নেই			
২০	বিদ্যুৎ সংযোগ থাকা আবাস	নেই			
২১	স্ট্রীট লাইট	নেই			
২২	ট্র্যাক্টরের সংখ্যা	নেই			
২৩	পাওয়ার টিলারের সংখ্যা	নেই			
২৪	জেলা সদর	বাইরে		৭০ কিঃ মিঃ	হাইলাকান্দি
২৫	গাড়ির সংখ্যা (কার/ট্রাক)	নেই			
২৬	মন্দির/গীর্জা/মসজিদ/ নামঘর	ভেতরে			১০ টি মন্দির, ১ টি গীর্জা
২৭	জে সি বির সংখ্যা	নেই			
২৮	নিকটবর্তী বাজার			৩৫ কিঃ মিঃ	কাটলিছড়া

এই তথ্যগুলি গ্রামের পরিকাঠামোর বর্তমান অবস্থাকে তুলে ধরেছে।
উপরের সারণিতে গ্রামের পরিকাঠামোর নিম্নোক্ত বিষয়গুলি উল্লেখনীয় ঃ

প্রাতিষ্ঠানিক পরিকাঠামো ঃ গ্রামের বসতি পায়ে চলা রাস্তা, বিদ্যুৎ, জল সরবরাহ, মোবাইল নেটওয়ার্ক ইত্যাদি মৌলিক প্রাতিষ্ঠানিক পরিকাঠামোগুলি থেকে বঞ্চিত।

শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা ঃ শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা অতি নগণ্য। সরকারি যানবাহন পর্যাপ্ত নয়। গ্রামের বাসিন্দাদের যাতায়াতের জন্য সাইকেল ব্যবহার করতে হয়।

সরকারি অফিস ঃ সরকারি অফিসগুলি (যেমন থানা, গ্রাম পঞ্চায়েত অফিস, রাজস্ব অফিস, ফরেস্ট বিট অফিস ইত্যাদি) যথেষ্ট দূরে এবং নিকটবর্তী এলাকা থেকে নিয়মিত সরকারি যান-বাহন না পাওয়ায় গ্রামের মানুষের ব্যাপক অসুবিধার মুখোমুখি হতে হয়।

আর্থিক প্রতিষ্ঠান ঃ ব্যাঙ্ক ও পোস্ট অফিস বসতি এলাকা থেকে যথেষ্ট দূরে। ফলে গ্রামের বাসিন্দাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট বা পোস্টাল সেভিংস অ্যাকাউন্ট নেই।

৩.৯ কৃষি/ফসল

গ্রামে প্রধানত নিম্নোক্ত শস্যগুলি চাষ করা হয়।

খারিফ ফসল ঃ ধান

রবি ফসল ঃ শালি ধান

অন্যান্য ঃ কলা

অধিকাংশ ফসল উৎপাদনই বৃষ্টির ওপর নির্ভরশীল

উৎপাদিত ফসলের পরিমাণ নিচে উল্লেখ করা হল ঃ

ধান উৎপাদন ঃ ৩২৪০০ কিলোগ্রাম। ফলনের পরিমাণ হেক্টার পিছু ২৪০০ কিলোগ্রাম

৩.১০ পশুখাদ্যের পর্যাপ্ততা

গ্রামের পশুখাদ্যের প্রধান উৎসগুলি নিম্ন রূপ ঃ

ক) বনভূমি

খ) নিকটবর্তী এলাকা

গ) স্থানীয় এলাকা

৩.১১ বাজার

সম্প্রদায় দ্বারা ব্যবহৃত প্রধান বাজার নিম্নরূপ ঃ

ক) মুদির দোকান ঃ কথাটোলি ৮ কিলোমিটার দূরে (যদি অন্য গ্রামে)

খ) সাপ্তাহিক বাজার ঃ ভিতরে ০ কিলোমিটার দূরে

গ) প্রধান বাজার ঃ কাটলিছড়া ৩৫ কিলোমিটার দূরে।

৩.১২ জলের উৎস

জলের প্রধান উৎসগুলি নিম্ন রূপ ঃ

ক) জলধারা ঃ পরিবারের সংখ্যা ৩৪ (জলের পর্যাপ্ততা ঃ মরসুমি)

খ) নদী ঃ পরিবারের সংখ্যা ২৭ (জলের পর্যাপ্ততা ঃ মরসুমি)

৩.১৩ শক্তির (জ্বালানি) উৎস

গ্রামে শক্তির প্রধান উৎসগুলি নিচে উল্লেখ করা হল ঃ

ক) জ্বালানি কাঠ ঃ সব পরিবারের দ্বারা ব্যবহৃত

খ) কেরোসিন তেল ঃ সব পরিবারের দ্বারা ব্যবহৃত

৩.১৪ আর্থ-সামাজিক অবস্থান

সামাজিক গঠন ঃ গ্রামটিতে প্রধানত বাঙালি সম্প্রদায়ের বসবাস। তাদের মধ্যে জাত-পাত ব্যবস্থা নেই। সমাজে গভীর সামাজিক বিভাজন নেই। নারীর অবস্থা সন্তোষজনক নয়।

অর্থনৈতিক অবস্থা ঃ গ্রামের অর্থনৈতিক অবস্থা সন্তোষজনক নয়। জীবিকার ক্ষেত্রে গ্রামবাসীরা প্রধানত কৃষির ওপর নির্ভরশীল। পরিবার পিছু বার্ষিক আয় ৩৬,০০০ টাকা। জীবিকার জন্য বেকার যুবকরা মেট্রো চহরে চলে যাচ্ছে।

৪। জীবিকা সম্পদের তথ্য ও দুর্বলতার দিকগুলি

গ্রামের জীবিকা সম্পদ এবং সেগুলির বর্তমান অবস্থা সম্পর্কে এই অংশে আলোচনা করা হয়েছে। তাছাড়া এই অংশে দুর্বলতার দিকগুলি নিয়েও আলোচনা করা হয়েছে।

৪.১ জীবিকা সম্পদগুলির বিশ্লেষণ

নির্বাহক্ষম জীবিকা নির্দেশিকা (এস এল এফ) অনুযায়ী যেকোনো গ্রামে জীবিকা ব্যবস্থা উন্নত করার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ পাঁচটি জীবিকা সম্পদ দরকার। এগুলি হল— মানব সম্পদ, আর্থিক মূলধন, সামাজিক মূলধন, প্রাকৃতিক মূলধন এবং প্রাতিষ্ঠানিক মূলধন। এই পাঁচটা মূলধনের অবস্থা সম্পর্কে পর্যালোচনা নিচে উল্লেখ করা হল ঃ

মানব সম্পদ ঃ

কুকিছড়া গ্রামে প্রথম লক্ষণীয় দিকটি হল যে এখানে সাক্ষরতার হার ৬৬.৩ শতাংশ। যদিও অধিকাংশ লোক স্কুল পর্যায়র শিক্ষা লাভ করেছে, কিন্তু কলেজ শিক্ষার ক্ষেত্রে ছবিটা একই রকম নয়। গ্রামে কর্মক্ষম বয়সের (১৮-৬০) লোকের হার ৪৪.৯৭ শতাংশ যা ভবিষ্যৎ বিকাশের বড় সম্ভাবনা বহন করছে।

পরম্পরাগত দক্ষতা কৃষি ও কাঠের কাজেই এই গ্রামের মানুষ দক্ষ এবং এই কাজগুলিই তাদের জীবিকা অর্জনের সহায়ক। গ্রামে মানব সম্পদের উন্নয়নের জন্য উপযুক্ত দক্ষতা উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও রূপায়ণ করা জরুরি।

প্রাতিষ্ঠানিক মূলধন ঃ গ্রামটিতে পরিকাঠামো হিসেবে সড়ক ও বিদ্যুতের মতো কিছু মৌলিক সুযোগসুবিধার অভাব রয়েছে। ব্যাঙ্ক, পোস্ট অফিস এমনকি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রও রয়েছে এই গ্রাম থেকে অনেক দূরে। শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রেও অবস্থা একই রকম। মাত্র তিনটি প্রাথমিক স্কুল এই গ্রামে রয়েছে। আরও অধিক পড়াশুনার জন্য গ্রামের ছাত্র-ছাত্রীদের অনেক দূরে যাতায়াত করতে হয়। এমনকি কুকিছড়া গ্রামের বাসিন্দাদের জীবনের মৌলিক চাহিদা গুলি পূরণ করতে দীর্ঘ পথ অতিক্রম করতে হয়, যা সত্যিই খুবই কঠিন। কাজেই মানুষের জীবন উন্নততর করার জন্য এই এলাকার পরিকাঠামোগুলি গড়ে তোলার বিষয়টি বিবেচনা করা উচিত।

সামাজিক মূলধন ঃ সামাজিক মূলধন হিসেবে বলতে গেলে এই গ্রামটিতে মাত্র একটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র আছে। কোনো কমিউনিটি হল নেই। এর ফলে গ্রামের মানুষ অসুবিধার সম্মুখীন হচ্ছে। গ্রামের বাসিন্দাদের মধ্যে শান্তি-সম্প্রীতিও অটুট রয়েছে।

আর্থিক মূলধন ঃ গ্রামটিতে আর্থিক মূলধন সন্তোষজনক নয়। একটি ব্যাঙ্কের শাখা বা পোস্ট অফিস না থাকায় গ্রামের মানুষ অসুবিধা ভোগ করছে। দীর্ঘ পথ অতিক্রম করে ব্যাঙ্কের সুযোগ সুবিধা নিতে গ্রামবাসীরা সক্ষম নয়। নিকটবর্তী ইউ বি আই এবং ইউনিয়ন ব্যাঙ্কের শাখাও রয়েছে কুকিছড়া থেকে ৩৫ কিঃ মিঃ দূরে কাটলিছড়ায়।

প্রাকৃতিক মূলধন ঃ গ্রামের নিকটবর্তী বনাঞ্চল এলাকা বিভিন্ন প্রজাতির উদ্ভিদে সমৃদ্ধ। এসবের মধ্যে আছে নানা প্রজাতির গাছপালা, ভেষজ উদ্ভিদ, লতা জাতীয় উদ্ভিদ ও বাঁশ। গ্রামের জমি উর্বর এবং গ্রামবাসীরা ধান চাষেই বেশি আগ্রহী। মোট ধান উৎপাদন ১৩৩৮০০ কিঃ গ্রাঃ। প্রধান বাজারটি অনেক দূরে যা গ্রামবাসীদের জন্য খুবই অসুবিধাজনক। জলের প্রধান উৎস জলধারাগুলি ও নদীর জলই গ্রামবাসীরা ব্যবহার করেন। উপযুক্ত জলসরবরাহ ব্যবস্থা থেকে গ্রামবাসীরা বঞ্চিত।

৪.২ জীবিকা সম্পদের পঞ্চভূজ

গ্রামটির পাঁচ প্রকার জীবিকা সম্পদের পর্যালোচনা ও মূল্যায়ণ করে একটি জীবিকা পঞ্জভূজ তৈরি ও অধ্যয়ন করা হয়েছে। এই জীবিকা পঞ্চভূজ সুষম নয়। গ্রাম উন্নয়ন পরিকল্পনা এবং জীবিকা উন্নয়ন পরিকল্পনায় উল্লেখ করা যথোপযুক্ত জীবিকার রণকৌশল ও কার্যব্যবস্থা গ্রহণ করেই ব্যবধানগুলিকে দূর করা যেতে পারে।

৪.৩ দুর্বলতার পরিপ্রেক্ষিতগুলির বিশ্লেষণ

কুকিছড়া গ্রাম বেশ কিছু দুর্বলতার সম্মুখীন হয়েছে। এসব দুর্বলতা গ্রামবাসীদের দৈনন্দিন জীবন যাত্রার বেশ কিছু গুরুত্বপূর্ণ দিককে সংকুচিত করে তুলেছে। বন্যপ্রাণীর উপদ্রব এর অন্যতম। বুনোশুয়োর ও হাতির উপদ্রবের ফলে শস্য ক্ষেত নষ্ট হছে। অনুন্নত অনাময় এবং স্বাস্থ্য সম্পর্কে সজাগতার অভাবের কারণে হামেশাই গ্রামের মানুষ ম্যালেরিয়া ও আমাশয় রোগে আক্রান্ত হয়। প্রবল বৃষ্টিপাতের দরুন এখানে জলও জমে যায়। এর ফলে, এবং বিশেষ করে বর্ষার মরসুমে গ্রামবাসীদের যোগাযোগের ক্ষেত্রে বড় রকম সমস্যার সম্মুখীন হতে হয়।

৪.৪ মরসুম ভিত্তিক কৃষি পঞ্জিকা

অংশগ্রহণমূলক আলোচনার মাধ্যমে একটি মরসুমভিত্তিক কৃষিপঞ্জিকা প্রস্তুত করা হয়েছে। এই কৃষি পঞ্জিকায় গ্রামে মরসুম ভিত্তিক বিভিন্ন শস্য উৎপাদন ও দুর্বলতার দিকগুলির বিবরণ উল্লেখ করা হয়েছে। গ্রামে উৎপাদিত প্রধান ফসলগুলি হল ধান। আউস, শালি ও বোরো ধান চাষ করা হয়। মার্চ থেকে জুলাই মাস পর্যন্ত আউস

ধানের চাষ করা হয় এবং বছরের বাকি অর্ধাংশ অর্থাৎ জুলাই থেকে নবেম্বর মাস পর্যন্ত শালি ধানের চাষ করা হয়। জানুবারি থেকে এপ্রিল মাস পর্যন্ত বোরো ধানের চাষ করা হয়। এইদর প্রধান ফসল ছাড়াও সারা বছব ধরে কলার চাষ করা হয়। গ্রামবাসীদের বন্যপ্রাণীর উপদ্রবের মুখোমুখি হতে হয়। হাতি ও বুনো শুয়োরের উপদ্রবের ফলে শস্য বিনষ্ট হয়।

কুকিছড়া জে এফ এম সির ঋতু অনুশারি পঞ্জিকা

মাস	জানু	ফেব্রু	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগস্ট	সেপ্টে	অক্টো	নবে	ডিসে
						শালি ধান						
ফসল			আউস ধান									
	বোরো ধান											
ফল	কল											
বন্যপ্রাণীর উপদ্রব	হাতি								হাতি			
	বুনো শুয়োর											

৫। বর্তমান পরিকল্পনা এবং কর্মসূচি

ক্ষুদ্র পরিকল্পনায় প্রত্যক্ষভাবে প্রভাব ফেলে, এমন কিছু গুরুত্বপূর্ণ পরিকল্পনা, এগুলির রূপায়ণ পদ্ধতি এবং প্রক্রিয়া সম্পর্কে এই অধ্যায়ে আলোচনা করা হচ্ছে। এগুলির মধ্যে প্রধান হল, রাজ্যের বনাঞ্চল এলাকায় বন ও বন্যপ্রাণী সংরক্ষণ এবং নির্বাহক্ষম বিকাশের জন্য প্রণয়ন করা সামগ্রিক কর্মপরিকল্পনা। বন্যপ্রাণী নিবাস এলাকায় এই পরিকল্পনাকে বলা হয় ব্যবস্থাপনা পরিকল্পনা এবং ব্যাঘ্র সংরক্ষণ এলাকায় বলা হয় ব্যাঘ্র সংরক্ষণ পরিকল্পনা। তাছাড়া বনাঞ্চল গ্রামগুলিতে বন বিভাগের দ্বারা রূপায়ণ করা হয়, এমন আরও কিছু পরিকল্পনাও আছে। এগুলি হল, উপজাতি উপ-পরিকল্পনা (টি এস পি) ও তফশিলি জাতি পরিকল্পনা (এস সি পি)। অন্য আরও কয়েকটি বিভাগ স্বাস্থ্য, শিক্ষা, শক্তি, সেচ ও জীবিকা পরিষেবারও ব্যবস্থা গ্রহণ করে। এই বিভাগগুলি সচরাচরই বনাঞ্চল গ্রামগুলিতে বিভিন্ন কর্মসূচি রূপায়ণ করে।

অসম যৌথ (জনতার অংশগ্রহণ) বন ব্যবস্থাপনা বিধি, ১৯৯৮ অসমে বলবৎ হবার পর যৌথ বন ব্যবস্থাপনার কাজ আরম্ভ করা হয়েছে। ২০০২ সালে জে এফ এম সি ও ই ডি সি গঠন করা হয়। এর আগে কিছু কর্মপরিকল্পনার মাধ্যমে যৌথ বন ব্যবস্থাপনা গঠনের পরামর্শ দেওয়া হয়েছিল বা জে এফ এম সার্কেল গঠন করা হয়েছিল। তবে এক্ষেত্রে জাতীয় কর্ম পরিকল্পনা বিধি, ২০১৪র মাধ্যমে ক্ষুদ্র পরিকল্পনা রূপায়ণে গুরুত্ব দেবার পাশাপাশি এর রূপায়ণের জন্য বিশদ নীতি-নির্দেশিকাও গ্রহণ করা হয়েছিল। এই ক্ষুদ্র পরিকল্পনা ২০১৪ সালের জাতীয় কর্ম পরিকল্পনা বিধির নীতি-নির্দেশিকা ও বিধি নিয়ম অনুযায়ী প্রস্তুত করা হয়েছিল।

৫.১ কর্ম পরিকল্পনার সঙ্গে সম্পর্ক

সাবেক কাছাড় বন বিভাগকে বিভক্ত করে ১৯৮১ সালে হাইলাকান্দি বন বিভাগ গঠন করা হয়। এর আগে এই বিভাগের বনাঞ্চল এলাকাগুলি কাছাড় বন বিভাগের দ্বারা পরিচালিত হত। জে এফ এম সি মূলত কাটাখাল সংরক্ষিত বনাঞ্চলেই পড়ে। এম কে যাদবের দ্বারা প্রণীত করিমগঞ্জ বন বিভাগের (১৯৯৮-৯৯ থেকে ২০১০-১১) কর্ম পরিকল্পনা অনুযায়ী কাজ আরম্ভ করা হয়। এই বিভাগের এটাই হল সর্বশেষ পরিকল্পনা। এই কর্মপরিকল্পনায় প্রায় বিনষ্ট বনভূমি এলাকা অথবা বেদখল এলাকাসহ সমস্ত বনাঞ্চল গ্রামগুলিকে 'এনার্জি প্ল্যান্টেশন ওয়ার্কিং সার্কেলে'র (ই পি ডব্লিউ সি) অন্তর্ভুক্ত করা হয়।

কর্ম পরিকল্পনা অনুযায়ী শিমূল, ইরিথ্রিনা, ডিলেনিয়া, ম্যাঙ্গিফেরা, আঝার ইত্যাদির দ্বারা এই বনাঞ্চল গঠিত। এর কিছু এলাকা বিচ্ছিন্ন খণ্ড খণ্ড ও টিলা পরিবেষ্ঠিত। এর কিছু এলাকায় বিচ্ছিন্নভাবে অন্যান্য গাছপালার সঙ্গে বাঁশঝোপও রয়েছে। কর্ম পরিকল্পনায় এইসব এলাকায় ম্যালুটাস অ্যাল্‌বা, আইলানথাস এক্সেল্‌স, আকাসিয়া, অ্যাম্বোসেফালাস কদম্ব ইত্যাদি নির্দিষ্ট কিছু প্রজাতির গাছ রোপণের পরামর্শ দেওয়া হয়েছে যেগুলি হল জ্বালানি কাঠের প্রজাতি এবং জ্বালানি কাঠের জন্যই এগুলি উৎপাদন করা হয়। কর্ম পরিকল্পনায় এই এলাকার খালি মাঠ (বন্দ), কৃষিভূমি, রাস্তার দুপাশের জায়গাগুলি এবং বনাঞ্চলের বহিঃসীমা সংলগ্ন জায়গা ইত্যাদিসহ খালি স্থান গুলিতে অ্যাগ্রো-ফরেস্ট্রি মডেল গড়ে তোলারও পরামর্শ দেওয়া হয়। যেসব গাছপালা দ্রুত বেড়ে ওঠে সেধরনের প্রজাতির গাছই রোপণের পরামর্শ দেওয়া হয়। কর্মপরিকল্পনায় স্বল্পকালের পর্যায়ক্রমিক বন চাষের ব্যবস্থার সুপারিশ করা হয়, যেগুলি গাছ ১০ বছর পর পর কেটে ফেলে ফের নতুন করে রোপণ করা হয়। এই পরিকল্পনায় অনুমান করা হয়, প্রতি ১০ বছরে প্রতি হেক্টার জমিতে ২৭৫ সি ইউ এম যেরও বেশি উৎপাদন হবে।

বিধানসমূহ ঃ ই পি ডব্লিউ সি এলাকাগুলির জন্য নিম্নোক্ত বিধানগুলির সুপারিশ করা হয়।

১) দ্রুত বেড়ে ওঠা প্রজাতি রোপণের পরামর্শ দেওয়া হয়।

২) অ্যাগ্রোফরেস্ট্রি মডেল গড়ে তোলার চেষ্টা করতে হবে।

৩) দ্রুত বর্ধনশীল প্রজাতির চারা উৎপাদন বিভাগীয়ভাবে অথবা বেসরকারি উৎপাদকদের দ্বারা করতে হবে।

৪) কম গাছপালা থাকা পাতলা বন এলাকাগুলিকে স্থানীয়ভাবে পরিবর্তিত করা যেতে পারে।

৫) সেগুন গাছ রোপণ করা চলবে না।

৬) গাছ কাটার জন্য বন সংরক্ষক অনুমতি দিতে পারেন।

৭) কোনো ব্যক্তি রোপণ করা গাছের ওপর মালিকানা দাবি করতে পারবে না। উৎপাদিত বনজ সামগ্রী অসম যৌথ (জনতার অংশগ্রহণ) বন ব্যবস্থাপনা বিধি, ১৯৯৮ অনুযায়ী স্থানান্তর করতে হবে।

৮) রোপণের বার্ষিক লক্ষ্যমাত্র ৩৯০ হেক্টার।

অন্যান্য কর্মপ্রকল্প সার্কেল

কর্ম পরিকল্পনার মধ্যে আছে আরও কিছু প্রাসঙ্গিক ওয়ার্কিং সার্কেল। যেমন, নন উড ফরেস্ট প্রডিউস ওভারল্যাপিং ওয়ার্কিং সার্কেল (এন ডব্লিউ এফ পি ও ডব্লিউ সি), ব্যাম্বু ওভারল্যাপিং ওয়ার্কিং সার্কেল (বি ও ডব্লিউ সি) এবং ফরেস্ট ভিলেজ রেগুলেশন অ্যান্ড এনক্রোচমেন্ট ওভারল্যাপিং ওয়ার্কিং সার্কেল। এসব ছাড়াও আছে বিবিধ বিধান, যার মধ্যে উল্লেখযোগ্য হল, 'বন সংরক্ষণ ও পুনর্নির্মাণ কমিটি গঠন' এবং 'বনাঞ্চল গ্রাম ব্যবস্থাপনা'। এই বিধানগুলি থেকে পাওয়া গুরুত্বপূর্ণ বিষয়গুলি হল ঃ

১) কমিটিগুলির মাধ্যমে সমস্ত ক্ষেত্রীয় কাজগুলির রূপায়ণ।

২) জলবিভাজিকা ব্যবস্থাপনার জন্য সুসংহত জলবিভাজিকা ব্যবস্থাপনা (আই ডব্লিউ এম) গ্রুপ গঠন করতে হবে।

৩) বাঁশ সরবরাহের জন্য শ্রমিক সমবায় গঠন করতে হবে।

৪) বনাঞ্চল গ্রাম রেজিস্টার, জমাবন্দী রেজিস্টার নবীকরণ করতে হবে।

৫) প্রতি পাঁচ বছর পর পর বনাঞ্চল গ্রামে আদম সুমারি করতে হবে।

৬) আদম সুমারির পাশাপাশি গবাদি পশুর সংখ্যাও গণনা করতে হবে এবং গ্রামের মানুষের আর্থ সামাজিক অবস্থা নথিভুক্ত করতে হবে।

অতিরিক্ত প্রস্তাব

কর্ম পরিকল্পনায় জলবিভাজিকা ভিত্তিক ব্যবস্থার পরামর্শ দেওয়া হয়েছে। জলাশয়গুলির বেশির ভাগই রয়েছে গেন্ডাইছড়া, লালছড়া, কুকিছড়া এলাকায়। অধিকাংশ জলবিভাজিকাগুলির অবস্থা শোচনীয় হয়ে পড়েছে। প্রশাসনিক পরামর্শ অনুযায়ী জলবিভাজিকা ক্ষেত্রগুলি দায়িত্বশীলতার ইউনিট হতে হবে।

৫.২ বন বিভাগের অতীত পদক্ষেপসমূহ ঃ

জাতীয় বাঁশ মিশনের অধীনে (ন্যাশনাল ব্যাম্বু মিশন) বন বিভাগ ২০০৬-০৭ থেকে ২০১৩-২০১৪ সাল পর্যন্ত রোপণের কাজ সম্পন্ন করেছে। ওই বছরেই এন বি এম ক্ষতিগ্রস্ত বাঁশ ঝাড়গুলি উন্নতকরণের কাজ হাতে নেয়। এ পি এফ বি সি-র আওতায় ২০১৫-১৬ সালে হাইলাকান্দির ১০টি জে এফ এম সি-তে জ্বালানি কাঠের গাছ রোপণের পদক্ষেপ নেওয়া হয়। এই সংক্রান্ত তথ্য নিচে দেওয়া হল।

বন বিভাগের কর্মসূচিসমূহ

NBM Plantation									NBM Imp. of degreded bamboo						Total	APFBC(FW)	SMPB	G.Total	Name of JFMC
06-07	07-08	08-09	09-10	10-11	12-13	12-13	13-14	Total	06-07	07-08	08-09	09-10	13-14	Total	NBM	15-16	15-16	Phy.(Ha)	
10	15	10		11			10	56	10	10		20		40	96	20		261	N. Bagbahar
10	15	10	20	12			10	77	20	10		20		50	127	20		302	O. Bagbahar
5	5			12		20	10	52			40	20	20	80	132	20	15	309	Protappur
10	10	10	20	12		50	10	122			36	20	20	76	198	30		328	Dhalcherra
5							10	15					20	20	35	20		180	Borthal
5	5			12		10	10	42	20	10		20	20	70	112	20		247	Bilaipur
5								5							5	20		250	Kacharithal
5	10							15	10	10				20	35	30		250	Nunai
10	15					30		55							55	43		169	Kukicherra
10						30	10	50	20	15			20	55	105	50		307	Barruncherra

বন বিভাগ এ পি এফ বি সি প্রকল্পের অধীনে ২০১৫-১৬ বর্ষে সক্ষমতা গড়ে তোলা এবং দক্ষতা উন্নয়ন কর্মসূচিও হাতে নেয়।

আসাম প্রজেক্ট অন ফরেস্ট অ্যান্ড বায়ো-ডাইভার্সিটি কনজারভেশন সোসাইটি-র প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট হাইলাকান্দি বন বিভাগের অধীনস্থ জে এফ এম সি পর্যায়ে নার্সারি ও উদ্যানশস্য রোপণ ব্যবস্থাপনা সম্পর্কে প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করে এবং এর জন্য ব্যয় করা হয় ২০৬,৮০০/- টাকা (দুলক্ষ ছয় হাজার আঠশো)। ২০১৬ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে হাইলাকান্দির কৃষি বিভাগ চারটি ব্যাচে প্রশিক্ষণ দেয়। মোট

১৬৪জন ব্যক্তিকে প্রশিক্ষণ দেওয়া হয়।

৫.৩ অন্যান্য বিভাগের কর্মসূচি ঃ

উপজাতি উপপরিকল্পনা ঃ অতীতে এই বিভাগের অধীনে কেন্দ্রীয় সরকারের উপজাতি উপপরিকল্পনার কর্মসূচিগুলি রূপায়ণ করা হয়েছে। ১৯৯৫-৯৬ বর্ষে টি এস পি স্কিমের অধীনে কুয়ো খনন, সড়ক উন্নতকরণ, নিম্ন প্রাথমিক স্কুল নির্মাণ ইত্যাদি কাজগুলি সম্পন্ন করা হয়েছে। এইসব কাজ বাবদ বাজেট ধার্য করা হয়েছিল ৩৬৮,০০০.০০ টাকা।

২০০৯-১০ বর্ষের উপজাতি উপপরিকল্পনার আওতাভুক্ত কর্মসূচিসমূহ

বনাঞ্চল গ্রামোন্নয়ন কর্মসূচি								
ক্রমিক নং	বনাঞ্চল গ্রামের নাম	কাজের বিবরণ						
		সড়ক		কালভার্ট		বাজারের শেড		মোট
		পরিমাণ	কিঃ মিঃ	পরিমাণ	ইউনিট	পরিমাণ	ইউনিট	
১	বরথল	৬.৩৬		১.২৫	১			৭.৬১
২	বেলাইপুর	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৩	প্রতাপপুর	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৪	ধলছড়া টিপ্রাপুঞ্জি	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৫	লালপানি	৬.৩৬				৬.৩৬	১ (পি)	৯.৬২
৬	ধলছড়া	৬.৩৬				৬.৩৬	১ (পি)	৯.৬২
৭	নক্সাটিলা	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৮	পুরান বাগবাহার	৬.৩৬		১.২৫	১			৭.৬১
৯	নয়া বাগবাহার	৬.৩৬		১.২৫	১			৭.৬১
১০	নওগাঁও	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১১	লালছড়া	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১২	কাছারিথল	৬.০৯	১.৭০	১.২৫	১	৩.২৩	১ (পি)	৯.৩২
১৩	লুনাই	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৪	বরুণছড়া	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৫	ঝালনাছড়া	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৬	কুকিছড়া	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৭	খাড়মুরা	৬.৩৬	১.৭০		১	৩.২৬	১ (পি)	৯.৬২
১৮	দত্তপুর	৬.৩৬	১.৭০	১.২৫	১			৭.৬১
১৯	জ্যাকবপুর	৬.৩৬	১.৭০	১.৩৮	১			৭.৭৪
২০	রামনাথপুর	৬.৩৬	১.৭০	১.৫০	১			৮.৮৬
	মোট	১২৬.৯৩	৪.০০	২১.৩৮	১৬	১৩.০১	৪ (পি)	১৬১.৩২

সূত্র ঃ ডি এফ ও কার্যালয়, হাইলাকান্দি বন বিভাগ

কুকিছড়া যৌথ বন ব্যবস্থাপনা কমিটি

হাইলাকান্দি বন বিভাগ, দক্ষিণ অসম সার্কেল

ক্ষুদ্র পরিকল্পনা

(২০১৬-১৭ থেকে ২০২৬-২৭ পর্যন্ত)

অংশ - **II**

৬। ক্ষুদ্র পরিকল্পনার উদ্দেশ্যসমূহ, সক্ষমতা, দুর্বলতা, সুযোগ এবং বিপদ (SWOT) এবং ব্যবধান বিশ্লেষণ

৬.১ ক্ষুদ্র পরিকল্পনার উদ্দেশ্যসমূহ

একেকটি গ্রাম পর্যায়ের ক্ষুদ্র পরিকল্পনা হল গ্রামোন্নয়ন ও বনাঞ্চল উন্নয়ন পরিকল্পনা যা হল প্রয়োজনভিত্তিক, স্থান ভিত্তিক এবং উপলব্ধ সম্পদের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। যেহেতু পরিকল্পনার ইউনিটটি ক্ষুদ্র, তাই এটাকে ক্ষুদ্র পরিকল্পনা বলা হয়। ক্ষুদ্র পরিকল্পনা দুটি উদ্দেশ্য পূরণ করার চেষ্টা করে ঃ

১) জীবিকা উন্নত করা

২) জৈব বৈচিত্র্য সংরক্ষণ এবং পরিবেশতন্ত্রের ভারসাম্য রক্ষা করা

বর্তমান ক্ষুদ্র পরিকল্পনা জনসমষ্টির পুরুষ ও মহিলাসহ সমস্ত সদস্য সমবেতভাবে তৈরি করেছে। এই দলিল ২০১৬ সালের মে মাসে জনতা ও রাষ্ট্রীয় গ্রামীণ বিকাশ নিধির (আর জি ভি এন) কর্মচারীদের দ্বারা অংশগ্রহণ মূলক গ্রামীণ মূল্যায়ণ (পি আর এ)র প্রক্রিয়ার মাধ্যমে তৈরি হয়েছে। এর পর গৃহীত বিভিন্ন পদক্ষেপ নিচে উল্লেখ করা হল ঃ

ক) প্রকল্পর উদ্দেশ্য সম্পর্কে আলোচনা এবং জনসম্প্রদায় ও তাদের পরিপ্রেক্ষিত সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য সংগ্রহে তাদের সহযোগিতা লাভের জন্য ২০১৬ সালের মে মাসে জনসম্প্রদায়ের বৈঠক অনুষ্ঠিত করা হয়।

খ) প্রাপ্ত নমুনা/কাঠামো (ফরম্যাট) অনুযায়ী সম্প্রদায় ও তাদের পরিপ্রেক্ষিত সম্পর্কে তথ্য সংগ্রহ।

গ) এর পর সংগৃহীত তথ্যগুলির বৈধতা সম্প্রদায়ের সঙ্গে আলোচনা করে পরীক্ষা করা হয়।

ঘ) জনতার অংশগ্রহণ এবং তাদের মতামতের ভিত্তিতে কর্ম পরিকল্পনার রূপরেখা তৈরি করা।

ঙ) প্রকল্পের নীতি-নির্দেশিকার ভিত্তিতে আর জি ভি এন ক্ষুদ্র পরিকল্পনা সংকলন করেছে। ২০১৬ সালের জুলাই মাসে গৃহীত করার লক্ষ্যে এই দলিল আলোচনার মাধ্যমে চূড়ান্ত করা হয়।

৬.২ চাহিদা মূল্যায়ণ এবং ব্যবধান বিশ্লেষণ

সম্পদ মূল্যায়ণ, সক্ষমতা মূল্যায়ণ, জীবিকা সম্পদের ম্যাপিং এবং গ্রুপ আলোচনায় গুরুত্ব প্রদানের মাধ্যমে দুর্বলতার দিকগুলির পর্যালোচনা, পি আর এ অনুশীলনের ভিত্তিতে গ্রাম পর্যায় ও পরিবার পর্যায়ের সমীক্ষা, চাহিদা মূল্যায়ণ, ব্যবধানগুলির বিশ্লেষণ এবং এস ডব্লিউ ও টি বিশ্লেষণ সম্পন্ন করা হয়েছে। এই বিশ্লেষণের ভিত্তিতেই কর্ম পরিকল্পনা, জীবিকা, গ্রামোন্নয়ন রণনীতি এবং বন উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে।

প্রশিক্ষণ প্রযোজনীয়তার পর্যালোচনা ঃ

ক) সামর্থ্য গড়ে তোলা ঃ বনাঞ্চল ও জৈব বৈচিত্র্য, স্থিতিশীল উন্নয়ন, জলবায়ু পরিবর্তন, লিঙ্গ ইস্যু, আর্থিক অন্তর্ভুক্তি, ডব্লিউ এ টি এছ এ এন- যের গুরুত্ব, মৃত্তিকা ও জল সংরক্ষণ, বন্যা ব্যবস্থাপনা ইত্যাদি গুরুত্বপূর্ণ উন্নয়নমূলক বিষয় সম্পর্কে নিয়মিত সজাগতা কর্মসূচির মাধ্যমে সম্প্রদায়গুলির সক্ষমতা গড়ে তোলা হয়। গ্রামোন্নয়নের জন্য এই বিষয় সম্পর্কে কর্ম পরিকল্পনার প্রস্তাব করা হয়েছে।

খ) দক্ষতা উন্নয়ন ঃ জীবিকার উন্নতির জন্য কর্ম পরিকল্পনায় উল্লেখ করা প্রস্তাবে জীবিকার দক্ষতার নিয়মিত পর্যালোচনা করা, সাজ সরঞ্জাম ও যন্ত্রপাতি ব্যবহার ও প্রক্রিয়া এবং পদ্ধতিগুলি সম্পর্কে বিশেষ প্রশিক্ষণ দেবার কথা বলা হয়েছে।

ব্যবধান বিশ্লেষণ ঃ

ক) শোচনীয় প্রাতিষ্ঠানিক পরিকাঠামো

খ) উচ্চ শিক্ষার ব্যবস্থার অভাব

গ) আধুনিক কৃষি কলাকৌশল লাভের সুযোগ নেই

ঘ) আর্থিক প্রতিষ্ঠানের অনুপস্থিতি

৬.৩ সক্ষমতা, দুর্বলতা, সুযোগ এবং বিপদ (SWOT) পর্যালোচনা

জনসমষ্টির পুরুষ ও মহিলাসহ সকল সদস্যের অংশগ্রহণের মাধ্যমে এস ডব্লিউ ও টি বিশ্লেষণ করা হয়েছে।

সক্ষমতা

১) একক সম্প্রদায় সমাজ

২) পরম্পরাগত কারিগরি জ্ঞান

দুর্বলতা

১) শোচনীয় পরিবহণ ও যোগাযোগ ব্যবস্থা

২) শোচনীয় শিক্ষা ও স্বাস্থ্য ব্যবস্থা

৩) ব্যাঙ্ক ঋণ পাওয়ার সুযোগ নেই

সুযোগ সুবিধা

১) যথোপযুক্ত সেচ ব্যবস্থার মাধ্যমে কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধি

২) নার্সারি উন্নয়ন

৩) সেলাই কাজ ও হস্তশিল্পসহ দক্ষতা উন্নয়ন

বিপদগুলি

১) বেদখল

২) জন আবদ্ধ থাকা

৩) মহামারী-যোগ

৬.৪ অংশগ্রহণমূলক গ্রামীণ মূল্যায়ণ (PRA) কর্মসূচি

গুয়াহাটির আর জি ভি এন টিম কুকিছড়ায় পি আর এ অনুশীলন সম্পন্ন করেছে। নিচে তার বিবরণ দেওয়া হল ঃ

তারিখ ঃ ১৩-০৬-২০১৬

স্থান ঃ কুকিছড়া

উপস্থিত সদস্য ঃ ৮৫

যারা উপস্থিত ছিলেন ঃ জে এফ এম সির পদাধিকারীগণ, গ্রাম প্রধান, জনসমস্টির সদস্যরা, বন বিভাগের কর্মচারীবৃন্দ ইত্যাদি।

অংশগ্রহণমূলক ম্যাপিং ও আদান-প্রদান কাজ শুরু করার আগে গ্রাম পর্যায়ে সজাগতা এবং পারিপার্শ্বিকতা পরিচিতি কর্মসূচি অনুষ্ঠিত করা হয়।

সজাগতা এবং পারিপার্শ্বিকতা পরিচিতি কর্মসূচিতে নিম্নোক্ত প্রধান বিষয়গুলি অন্তর্ভুক্ত করা হয়েছে ঃ

ক) অংশগ্রহণমূলক পরিকল্পনা

খ) অংশগ্রহণমূলক সরঞ্জাম ও পদ্ধতি

গ) ক্ষুদ্র পরিকল্পনার গুরুত্ব এবং জে এফ এম সির ভূমিকা

ঘ) পরিবেশ সংক্রান্ত বিষয়সমূহ

ঙ) জলবায়ুর পরিবর্তন এবং জলবায়ুর প্রকারভেদ

চ) পরিবেশতন্ত্রের ভারসাম্য এবং পরিবেশতন্ত্রের ব্যবস্থাপনা (পরম্পরাগত এবং বৈজ্ঞানিক)

ছ) নির্বাহক্ষম জীবিকা ফ্রেমওয়ার্ক

জ) জীবিকা সম্পদের পঞ্জভূজ এবং সামাজিক মূলধনের গুরুত্ব

ঝ) গ্রুপ গঠন (ক্লাস্টার) এবং আত্মসহায়ক গ্রুপ, আর্থিক অন্তর্ভুক্তি

ঞ) বিপণন এবং মূল্য সংযোজন

ট) উন্নয়ন কার্যসূচি এবং পারিপার্শ্বিকতা ও পরিবেশতন্ত্রের ভারসাম্যের সঙ্গে এর সম্পর্ক

ঠ) লিঙ্গ সংক্রান্ত বিষয় এবং লিঙ্গ সমতা

পর্যবেক্ষণ ঃ আলোচনা এবং পি আর এ অনুশীলনের সময় সম্প্রদায়ের লোকেরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছে। এই আলোচনায় নিম্নোক্ত বিষয়গুলি উঠে আসে ঃ

* অংশগ্রহণকারী জনতা বলেন যে অতীতে অর্থ এবং প্রকল্পের অভাবের কারণে জে এফ এম সি খুব সক্রিয় ছিল না।

* অতীতে জে এফ এম সিত সজাগতা ও পারিপার্শ্বিকতা পরিচিতি কর্মসূচি খুবই কম দেখা গেছে।

* তারা ক্ষুদ্র পরিকল্পনার গুরুত্ব উপলব্ধি করেছেন এবং ক্ষুদ্র পরিকল্পনা প্রস্তুত করার সময় যথেষ্ট সমর্থন ও সহযোগিতা করেছেন।

* অন্যদিকে কিছু এন জি ও (স্বেচ্ছাসেবী সংস্থা) জে এফ এম সি পরিদর্শনে গিয়ে শুধু তথ্য ও খবর সংগ্রহ করেছে, কিন্তু কোনো ধরনের উন্নয়নমূলক কাজের দায়িত্ব নেয়নি।

* এবারই প্রথম এ পি বি এফ সির অধীনে এন জি ও এসে জনসাধারণের সঙ্গে মতামত বিনিময় এবং সজাগতা গড়ে তোলে। এই সজাগতা এবং যথোপযুক্ত পারিপার্শ্বিকতা পরিচিতি শুধু প্রকল্পটির সম্পর্কেই নয়, বিকাশ ও উন্নয়নে পারিপার্শ্বিক এবং পারিবেশতান্ত্রিক বিষয়সহ উন্নয়নমূলক ইস্যুগুলির ক্ষেত্রেও অনুষ্ঠিত করা হয়।

* পরিবেশ, বন এবং কীটপতঙ্গ নাশক, গবাদি পশু ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে ভালরকম বিজ্ঞতা ও পরম্পরাগত জ্ঞান এইসব জনতার আছে।

* তারা জলবায়ুর পরিবর্তন এবং কৃষি ও গ্রামের মানুষের স্বাস্থ্যের ওপর তার ক্ষতিকর প্রভাব সম্পর্কে আশংকা প্রকাশ করে। জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আরও বেশি তথ্য জানার জন্য তারা আগ্রহী।

* জলবায়ু পরিবর্তনের কারণ হ্রাসে নিজেদের গুরুত্বপূর্ণ ভূমিকার বিষয়টি জনতা যে বুঝতে পেরেছে তা চোখে পড়েছে। নিকটবর্তী বনাঞ্চল সুরক্ষায় নিজেদের ভূমিকা এবং স্বতঃপ্রণোদিতভাবে কাজে নেমে পড়া ও এইসব নিজেদেরই বন— এমন এক উপলব্ধি জনতার মধ্যে লক্ষ্য করা গেছে।

জনতার চাহিদার মূল্যায়ণ ঃ পি আর এ অনুশীলন, গ্রুপ আলোচনায় গুরুত্ব, গ্রামের জনতা, জে এফ এম সির সদস্যবৃন্দ, বন বিভাগের কর্মী এবং সংশ্লিষ্ট অন্যান্যদের সঙ্গে আলোচনার ভিত্তিতে জে এফ এম সির অন্য গ্রামোন্নয়ন পরিকল্পনা ও জীবিকা উন্নয়ন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অংশগ্রহণমূলক কর্মসূচির মাধ্যমে জনসাধারণের চাহিদা মূল্যায়ণ সম্পন্ন করা হয়। জনতার চাহিদাগুলি নিম্নোক্ত শ্রেণীতে ভাগ করা হয়েছে ঃ

১) কাঠামোগত চাহিদা

২) কাঠামো বহির্ভূত চাহিদা

এইসব চাহিদাকে আবার দীর্ঘমেয়াদি চাহিদা ও হ্রস্বমেয়াদি চাহিদা হিসেবে ভাগ করা যায়। জনতার চাহিদাগুলির সবিশেষ গ্রামোন্নয়ন পরিকল্পনায় দেওয়া হয়েছে।

জনতার কাঠামোগত চাহিদাগুলির সঙ্গে জীবিকার উৎকর্ষসাধনের প্রত্যক্ষ এবং পরোক্ষ সম্পর্ক আছে। এই গুলির মধ্যে রয়েছে রাস্তা, স্কুল গৃহ, স্বাস্থ্য পরিষেবা পরিকাঠামো, পানীয় জল সরবরাহ ব্যবস্থা, জলের ট্যাঙ্ক, পাতকুয়ো ইত্যাদি, শৌচাগার, কমিউনিটি হল, প্রশিক্ষণ গৃহ, বাজার গৃহ ইত্যাদির উন্নয়ন।

জনতার কাঠামো বহির্ভূত চাহিদাগুলির মধ্যে আছে দক্ষতা প্রশিক্ষণ, পশু চিকিৎসা পরিষেবা, স্বাস্থ্য পরিষেবা, ভ্রাম্যমাণ চিকিৎসক দল, গ্রামের স্কুলগুলিতে শিক্ষকের প্রয়োজনীয়তা, প্রশিক্ষণের মাধ্যমে সক্ষমতা গড়ে তোলা, আর্থিক অন্তর্ভুক্তির জন্য সজাগতা গড়ে তোলা, আত্মসহায়ক গ্রুপ ও ক্লাস্টার গঠন, কাঁচামালের ব্যবস্থা করা, গ্রামের রক্ষণাবেক্ষণ ও উন্নয়নের জন্য তহবিল, জে এফ এম সি-র জন্য কমিউনিটি ফান্ড, পরম্পরাগত উৎপাদিত সামগ্রীর মূল্য সংযোজন ও বিপণন সংযোগ ইত্যাদি। যৌথ বন ব্যবস্থাপনার ক্ষেত্রে শিক্ষামূলক সফর খুবই ফলপ্রসূ উপায়। জনতার অংশগ্রহণমূলক প্রকল্প, হস্তশিল্পী গ্রাম, মেলা, বাণিজ্য মেলা ইত্যাদিতে অংশগ্রহণ ও সফর প্রয়োজন।

৭। গ্রামোন্নয়ন পরিকল্পনা

গ্রামের উন্নয়নের দীর্ঘমেয়াদি ও হ্রস্বমেয়াদি চাহিদাগুলি বিবেচনা করে জনতা এবং জে এফ এম সি-র সদস্যদের সঙ্গে আলোচনার মাধ্যমে একটি গ্রামোন্নয়ন পরিকল্পনা তৈরি করা হয়েছে। গ্রামোন্নয়নের জন্য জনসমষ্টির সদস্যদের দ্বারা পরিকল্পিত ব্যবস্থাগুলি নিম্নরূপ ঃ

১) গ্রামে উপযুক্ত সড়ক যোগাযোগ নেই। কাজেই সড়ক ও পর্যাপ্ত কালভার্ট নির্মাণ করা জরুরি যা নিকটবর্তী প্রধান প্রধান এলাকাগুলির সঙ্গে যোগাযোগের ক্ষেত্রে গ্রামের মানুষের জন্য সহায়ক হবে।

২) গ্রামোন্নয়নের জন্য আরেকটি প্রয়োজনীয় বিষয় হিসেবে পানীয় জলের ব্যবস্থা উন্নত করা এবং যথোপযুক্তভাবে জলে গুণগত মান পরীক্ষা করা দরকার।

৩) গ্রামে বিদ্যুৎ ও অনাময় ব্যবস্থা পর্যাপ্ত নয়। প্রতিটি পরিবারের আবাসে বিদ্যুৎ সংযোগ দরকার এবং গ্রামে উপযুক্ত অনাময় ব্যবস্থা গড়ে তোলাও জরুরি।

৪) গ্রামে যদিও একটি নিম্ন প্রাথমিক স্কুল আছে, কিন্তু শিক্ষক সাড়া বছর জুড়ে অনুপস্থিত থাকে। কাজেই প্রাথমিক স্কুলে একজন নিয়মিত শিক্ষক নিয়োগ এবং মধ্য স্কুলও হাইস্কুলের মতো উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করলে গ্রামের সর্বাঙ্গীন উন্নয়নে অত্যন্ত সহায়ক হবে।

৫) বন্যার দরুন কৃষি উৎপাদন ব্যাহত হয়। বন্যা রোধ এবং উপযুক্ত সেচের জন্য ব্যবস্থা গ্রহণ করলে তা গ্রামের কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধির সহায়ক হবে।

কুকীছেড়া জে এফ এম চির প্রারম্ভিক কার্য্যসূচী

স্থানাংক	ই পি এ	বিশদ বিবরণ	টাকা
১	একটি সভাগৃহ / হল ঘর নির্মান একটি Generator, চেয়ার টেবিল সহ Tent House নির্মান।	বাংলা ভাষা L.P. স্কুল এর নিকট, GPS :- N 24° 22′ 35.8″ E 092° 36′ 87.1″	১১,১১৭৫০.০০
২	বাংলা ভাষা হইতে হাতীছড়া পর্যন্ত রাষ্টা নির্মান।	GPS :- N 24° 22′ 40.4″ E 092° 37′ 20.5″	১১,৬৮২৫০.০০
৩	বাংলা ভাষা একটি প্রসাধন ঘর (Toilet) নির্মান, জলের বন্দবস্থ থাকা ।	GPS :- N 24° 22′ 34.3″ E 092° 36′ 36.9″ Size :- 2.6 m x 1.30 m = 3.38 sq.m	২,২০০০০.০০

DIVISIONAL FOREST OFFICER
Hailakandi Division

৮। জীবিকা উন্নয়ন পরিকল্পনা

